নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার
রেজিঃ নং-চ-৫১৩
১ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৮৯
১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে এইচএসসিতে ফলাফল বিপর্যয়, ৫৫শতাংশ অকৃতকার্য

চাঁদপুর জেলা: এইচএসসি পরীক্ষা ফলাফল
উপজেলা ভিত্তিক পরিসংখ্যান

উপজেলা	পাসের হার	জিপিএ-৫ (জন)
চাঁদপুর সদর	৫৮.৯০%	৭৩
শাহরাস্তি	৪৪.৮৮%	২
হাজীগঞ্জ	৪৪.৩৪%	১৫
ফরিদগঞ্জ	৪১.৯০%	৬
কচুয়া	৪০.০৩%	৪
মতলব দক্ষিণ	৩৫.১৪%	৩
হাইমচর	৩২.৯৩%	২
মতলব উত্তর	৩১.৯১%	২

আদনান মুরাদ

চাঁদপুর জেলায় ২০২৬ সালের এইচএসসি (সাধারণ), আলিম ও এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফলাফলে মিশ্র চিত্র দেখা গেছে। তিন ধারার পরীক্ষায় মোট ১৬৯ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে। এর মধ্যে এইচএসসি (সাধারণ) পরীক্ষায় ১০৭ জন, আলিমে ৪৫ জন এবং এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ১৭ জন জিপিএ-৫ পেয়েছে। তবে পাসের হারে তিন ধারার মধ্যে সবচেয়ে পিছিয়ে রয়েছে এইচএসসি (সাধারণ)। এ পরীক্ষায় জেলার পাসের হার মাত্র ৪৫.৩৫ শতাংশ। আলিমে ৬৪.২৭ শতাংশ এবং ভোকেশনালে ৬৯.৯৬ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। জেলা শিক্ষা অফিসের প্রকাশিত উপজেলাভিত্তিক ফলাফল বিবরণী বিশ্লেষণে এ চিত্র পাওয়া গেছে। প্রকাশিত ফলাফল অনুযায়ী, এইচএসসি (সাধারণ) পরীক্ষায় জেলার ৬৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৩ হাজার ২৭৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। উত্তীর্ণ হয়েছে ৬ হাজার ১৬ জন। জিপিএ-৫ পেয়েছে ১০৭ জন। আলিম পরীক্ষায় ৯৭টি প্রতিষ্ঠানের ২ হাজার ৫৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬৫৩ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। অন্যদিকে, এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ১৩টি প্রতিষ্ঠানের ৯৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৮০ জন উত্তীর্ণ হয়েছে এবং ১৭ জন জিপিএ-৫ অর্জন করেছে।

এইচএসসি সাধারণে পাসের হার ৪৫.৩৫ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ১০৭ জন

এইচএসসি (সাধারণ) পরীক্ষায় চাঁদপুর জেলার ফলাফল ● ২-এর পাতায় দেখুন

১৬৯ জিপিএ-৫, পাসের হারে এগিয়ে আলিম ও কারিগরি

এক-দুই বিষয়ে ফেল করা পরীক্ষার্থীদের এক মাসের মধ্যে আবার পরীক্ষার সুযোগ

দিগন্ত ডেস্ক

এইচএসসি ও সমমান পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য হওয়া শিক্ষার্থীদের জন্য বিশেষ পরীক্ষার সুযোগ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফল প্রকাশের এক মাসের মধ্যে শুধু অকৃতকার্য বিষয়গুলোতে আবার পরীক্ষা দিতে পারবেন তারা। এবার এক বা দুই বিষয়ে অকৃতকার্য হয়েছেন মোট ৪ লাখ ২২ হাজার ৯০৫ জন পরীক্ষার্থী।

শনিবার (৩১ অক্টোবর) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের আয়োজিত অনুষ্ঠানে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের কার্যক্রম উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। এ সময় শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন এ সুযোগের কথা জানান।

প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, 'মাননীয় শিক্ষামন্ত্রীর নির্দেশনায় আমিরা প্রথমবারের মতো সিদ্ধান্ত নিয়েছি এক বা দুই বিষয়ে যারা অকৃতকার্য হবে তাদের জন্য পুনঃপরীক্ষার ব্যবস্থা নেওয়া হবে।' বর্তমান নিয়ম অনুযায়ী, এসএসসি ● ২-এর পাতায় দেখুন

সদর উপজেলায় এইচএসসির পাসের হার ৫৮.৯০%, শীর্ষে সরকারি কলেজ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর সদর উপজেলার এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এ বছর সদর উপজেলায় মোট ৩ হাজার ৬২৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ১৩৪ জন শিক্ষার্থী সাফল্যের সাথে উত্তীর্ণ হয়েছে। সামগ্রিকভাবে উপজেলায় পাসের হার ৫৮.৯০ শতাংশ এবং সর্বোচ্চ ৭৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ পাওয়ার গৌরব অর্জন করেছেন।

উপজেলার কলেজগুলোর মধ্যে পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে বরাবরের মতোই শীর্ষে রয়েছে চাঁদপুর সরকারি কলেজ। এই প্রতিষ্ঠানটি থেকে মোট ৫৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৫.৪৪ শতাংশ পাস করেছে এবং সর্বোচ্চ ৩৯ জন জিপিএ-৫ পেয়েছে। দ্বিতীয় অবস্থানে থাকা চাঁদপুর সরকারি মহিলা কলেজ থেকে ৭৬৫ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৬৬.৮০ শতাংশ পাস করেছে, যার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৭ জন।

উপজেলার অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে শাহতলী জিলানী কলেজ থেকে ৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৭৬.২৭ শতাংশ এবং ড্যাফোডিল কলেজ থেকে ৩২৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭.৮৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছে, যার মধ্যে ১ জন জিপিএ-৫ পেয়েছে। আল আমিন একাডেমি থেকে ৪৮৬ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৫৯.৬৭ শতাংশ পাস করেছে এবং ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর ইসলামী সমাজকল্যাণ পরিষদ আয়োজিত সীরাতুন্নবী (সাঃ) মাহফিলে প্রধান আলোচকের বক্তব্য পেশ করেন হাজীগঞ্জ আহমাদিয়া কামিল মাদ্রাসার প্রধান মুহাদ্দিস, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক মুহাদ্দিস আবু নছর আশরাফী।



চাঁদপুর স্টেডিয়াম ও আউটার স্টেডিয়াম মাঠ পরিদর্শন করছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিক।

চাঁদপুর স্টেডিয়াম ও আউটার স্টেডিয়াম মাঠ পরিদর্শনকালে

খেলার মাঠে কোনো বিজয় মেলা হবে না

----শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

চাঁদপুর স্টেডিয়াম ও আউটার স্টেডিয়ামের মাঠ সংস্কার এবং খেলাধুলার পরিবেশ নিশ্চিত করতে সরেজমিনে পরিদর্শন করেছেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহম্মেদ মানিক। শনিবার (৩১ অক্টোবর) বিকেলে তিনি চাঁদপুর স্টেডিয়ামে গিয়ে খেলোয়াড় ও জেলা ক্রীড়া সংস্থার ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর প্রেস ক্লাবের-২০২৬ সালের কার্যনির্বাহী পরিষদের পঞ্চম সভায় সভাপতির বক্তব্য রাখেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী।

চাঁদপুর প্রেস ক্লাবের কার্যনির্বাহী পরিষদের ৫ম সভা

সাংবাদিকদের পেশাগত দক্ষতার জন্য প্রশিক্ষণ প্রয়োজন

----প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী

নিজস্ব প্রতিবেদক

ঐতিহ্যবাহী চাঁদপুর প্রেস ক্লাবের-২০২৬ সালের কার্যনির্বাহী পরিষদের পঞ্চম সভা শনিবার (৩১অক্টোবর) সকাল সাড়ে ১০টায় প্রেস ক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক এম এ লতিফ। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন প্রেস ক্লাবের সিনিয়র কার্যনির্বাহী সদস্য মুনির চৌধুরী। পরে স্বাগত বক্তব্য দেন প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন সাধারণ সম্পাদক এম এ লতিফ। সভায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর ইলিশঘাটে পঁচা ইলিশ বিক্রি, ব্যবসায়ীকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের বড় স্টেশন মাছ বাজারে পচা ইলিশ মাছ বিক্রির জন্য সংরক্ষণ করায় এক মাছ ব্যবসায়ীকে ১০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

শনিবার (৩১ অক্টোবর) দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান অভিযান পরিচালনা করেন।

তিনি বলেন, অভিযানে পচা ইলিশ মাছ বিক্রির জন্য সংরক্ষণের অপরাধে ব্যবসায়ী মো. নজরুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ১০ হাজার টাকা জরিমানা করেন অধিদপ্তরের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে পরিশোধ করেন অভিযুক্ত ব্যবসায়ী। ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে সর্বোচ্চ পাস ডিগ্রি কলেজে, সর্বনিম্ন বলাখাল মকবুল আহমেদ ডিগ্রি কলেজে

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ৯টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ২ হাজার ৭১৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১ হাজার ২০৩ জন। উপজেলায় সামগ্রিক পাসের হার ৪৪.৩৪ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১৫ জন শিক্ষার্থী।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজ থেকে ৭৬৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৪০৯ জন উত্তীর্ণ হয়ে ৯ জন জিপিএ-৫ পেয়েছে। হাজীগঞ্জ মডেল সরকারি কলেজ থেকে ১ হাজার ২৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৫৭ জন পাস করেছে এবং জিপিএ-৫ পেয়েছে ৬ জন, বলাখাল মকবুল আহমেদ ডিগ্রি কলেজে ৮৬ জনের মধ্যে ১১ জন, ধড্ডা মোজাম্মেল হোসেন চৌধুরী ডিগ্রি কলেজে ১১২ জনের মধ্যে ৩৮ জন, নাসিরকোট শহীদ স্মৃতি ডিগ্রি ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুর তানযীমুল উম্মাহ হিফজ মাদ্রাসার ষষ্ঠ সবক প্রদানে বক্তব্য রাখেন তানযীমুল উম্মাহ ফাউন্ডেশনের পরিচালক ও হিফজুল কুরআন বিভাগের প্রধান আ খ ম মাসুম বিল্লাহ।

চাঁদপুরে তানযীমুল উম্মাহ হিফয মাদ্রাসার ৫৯ শিক্ষার্থীর কুরআন হিফজের যাত্রা শুরু

শহর প্রতিনিধি

বিশ্ব হিফজুল কুরআন প্রতিযোগিতা ও মাদ্রাসা বোর্ডে শীর্ষস্থান অর্জনকারী প্রতিষ্ঠান তানযীমুল উম্মাহ ফাউন্ডেশন পরিচালিত চাঁদপুর তানযীমুল উম্মাহ হিফজ মাদ্রাসার ষষ্ঠ সবক প্রদান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে ৫৯ জন শিক্ষার্থী পবিত্র কুরআনের হিফজ কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করে।

শনিবার (৩১ অক্টোবর) সকাল ১০টায় চাঁদপুর শহরের নতুন বাজারস্থ চাঁদপুর রাজবাড়ি কমিউনিটি সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের সবক প্রদান করেন হাজীগঞ্জ উপজেলার সাদ্রা হামিদিয়া ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ মুহাদ্দিস আবু বকর সিদ্দিক।

তানযীমুল উম্মাহ হিফজ মাদ্রাসার চাঁদপুর শাখার প্রধান মো. ইমরান হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন তানযীমুল উম্মাহ ফাউন্ডেশনের পরিচালক ও হিফজুল কুরআন বিভাগের প্রধান আ খ ম মাসুম বিল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুর আল-আমিন সোসাইটির সেক্রেটারি ও শিক্ষানুরাগী অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়া, পুরাণবাজার ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ লেফটেন্যান্ট ● ২-এর পাতায় দেখুন



বাগাদী ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান ও মেম্বার প্রার্থীদের নিয়ে আলোচনা সভায় বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা বিএনপি যুগ্ম সাধারণ সম্পাদক আক্তার হোসেন মাঝি।

বাগাদী ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান ও মেম্বার প্রার্থীদের নিয়ে আলোচনা সভা

চেয়ারম্যান ও মেম্বার প্রার্থীদের ডোপ টেস্ট বাধ্যতামূলক : আক্তার হোসেন মাঝি

স্টাফ রিপোর্টার

ইউনিয়ন পরিষদ নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান ও মেম্বার পদপ্রার্থীদের নিয়ে চাঁদপুর সদর উপজেলার ৮নং বাগাদী ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে এক আলোচনা সভা। শুক্রবার (৩০ অক্টোবর) বিকেলে ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা বিএনপি যুগ্ম সাধারণ সম্পাদক ও বাগাদী ইউনিয়ন পরিষদের নির্বাচনী প্রধান সমন্বয়ক আক্তার হোসেন মাঝি।

তিনি তার বক্তব্যে বলেন, এই বাগাদী ইউনিয়নে চেয়ারম্যান প্রার্থী ৮ জন ও মেম্বার প্রার্থী হিসেবে মহিলা ৬ জন ও পুরুষ ৪১ জন প্রার্থী ব্যক্তিগত তথ্য জমা দিয়েছেন। কিন্তু এ ইউনিয়নটিতে জনপ্রতিনিধি হিসেবে নির্বাচিত হবেন মাত্র ১৩ জন। বাকী ৪২ জনই বাদ পরবেন। তাই চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক ভাইয়ের নির্দেশনায় বিএনপির সাংগঠনিক ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে দলীয় সিদ্ধান্তের বাহিরে একাধিক ব্যক্তি নির্বাচনে প্রার্থী না হওয়ার জন্য অনুরোধ করা হলো। সম্ভাব্য প্রার্থীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, মাদকের সাথে জড়িত কোন ব্যক্তি নির্বাচনে প্রার্থী হতে পারবে না। তাই এমপির মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে ইউনিয়নের চেয়্যারম্যান ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর ইসলামী সমাজকল্যাণ পরিষদের মাহফিল

স্টাফ রিপোর্টার

চাঁদপুর ইসলামী সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে সীরাতুন্নবী (সাঃ) মাহফিল শনিবার ৩১ অক্টোবর বিকাল থেকে রাত পর্যন্ত হাসান ● ২-এর পাতায় দেখুন

মতলব দক্ষিণে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীর র‍্যালি থেকে তুলে নিয়ে যুবদল সভাপতিকে মারধর, থানায় মামলা

স্টাফ রিপোর্টার

মতলব দক্ষিণে জাতীয়তাবাদী যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীর র‍্যালি থেকে ৪নং ওয়ার্ড যুবদলের সভাপতি আবু সামাকে (৪২) তুলে নিয়ে গিয়ে নির্মমভাবে পিটিয়ে জখম করার অভিযোগ উঠেছে। বিএনপিরই প্রতিপক্ষ গ্রুপের পৌর বিএনপির সদস্য মিজানুর পাটোয়ারীর নেতৃত্বে একদল সংঘবদ্ধ চক্র হামলা চালিয়েছে বলে ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা ও আবু সামা জানান, যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে মতলবে র‍্যালি বের করা হয়। ৪নং ওয়ার্ড যুবদলের সভাপতি আবু সামাও সহকর্মীদের নিয়ে ওই মিছিলের সাথে অংশ নেন। র‍্যালীটি মতলব সিঙ্গাপুর প্লাজা থেকে শুরু ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
১ নভেম্বর ২০২৬
রোববার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২


সূত্রঃ ইসলামিক ফাউন্ডেশন

চাঁদপুরে কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের উদ্যোগে মেধাবৃত্তি পরীক্ষা

শহর প্রতিনিধি

চাঁদপুরে কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের উদ্যোগে মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। ৩০ অক্টোবর শুক্রবার সকাল ১০টায় আল আমিন একাডেমী স্কুল এন্ড কলেজের প্রধান ক্যাম্পাসে আয়োজন করা হয়। ক্যাম্পাসের বাহিরে ব্যাপক অভিভবকদের উপস্থিতিতে পরিবেশ ছিলো মুখরিত।

চাঁদপুর সদর উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ২ হাজার ৬শত শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। শুক্রবার সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এমসিকিউ পদ্ধতিতে ৪র্থ থেকে ১০ম শ্রেণির ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের মেধাবৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের চিত্র।

মতলব দক্ষিণে ফলাফলে ধ্বস,পাসের হার ৩৫.২৪%

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলব দক্ষিণ উপজেলার ২০২৬ সালের এইচএসসি ও আলিম পরীক্ষার ফলাফল বিপর্যয় হয়েছে। এইচএসসিতে ৮টি কলেজের ৯২৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে মাত্র ৩২৬ জন। যার ঘর পাশের হার ৩৫.২৪%। আলিম পরীক্ষায় ৭ টি মাদ্রাসা থেকে ১৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে মাত্র ৪৩ জন। পাশের হার ৩১.৬০ %। এসএসসিতে জিপিএ পাস পেয়েছে ৬ জন এবং আলীমে জিপিএ ৫ পেয়েছে ১জন। এর মধ্যে ডক্টর এম শামসুল হক মডেল কলেজ থেকে দুইজন পরীক্ষার্থীর মধ্যে কেউই পাস করেনি।

মতলব দক্ষিণ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দেয়া তথ্য মোতাবেক জানা গেছে, মতলব সরকারি ডিগ্রী কলেজ থেকে ৪১৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাশ করেছে ১৩৭ জন। তন্মোধ্যে

জিপিএ ৫ পেয়েছে ৫ জন। পাশের হার ৩২.৬৯ %। রয়মনেন নেছা মহিলা ডিগ্রী কলেজ থেকে ১৬৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাশ করেছে ৫৭ জন, পাশের হার ৩৩.৭৩%। নারায়নপুর ডিগ্রী কলেজ থেকে ১৯৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৫ জন , তম্মোধ্যে ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

দেশে আসলো সৌদি আরবে খুন হওয়া মতলবের জসিমের মরদেহ : দাফন সম্পন্ন

শামীম মিয়াজী

সৌদি আরবে মতলবের প্রবাসী জসিম উদ্দিনের মরদেহ দেশে আনার প্রক্রিয়া পুরোই অনিশ্চিত ছিল। কিন্তু এরই মধ্যে ৩১ অক্টোবর তার মরদেহ দেশে এসে পৌছেছে। সহকারী আল আমিন এর আন্তরিক সহযোগীতায় প্রবাসী জসিম উদ্দিনের মৃতদেহ দেশে আনা সম্ভব হয়েছে। শনিবার বাদ আছর মরহুমের জানাযা নামাজ শেষে দাফন সম্পন্ন হয়েছে।

সৌদি আরব প্রবাসী মতলব উত্তর উপজেলার ঘাসিরচর গ্রামের প্রবাসী মো. জসিম উদ্দিন গত ১৯ সেপ্টেম্বর প্রায় চার লাখ টাকা পাঠানোর উদ্দেশ্যে এক সহকর্মীর সঙ্গে বের হয় তারপর থেকে তিনি নিখোঁজ হন। কয়েকদিন পর আল কাসিমের একটি মরুভূমি থেকে বালুচাপা অবস্থায় তাঁর মরদেহ উদ্ধার করা হয়। জসিমকে হত্যা করে মরদেহ বালুর নিচে চাপা দেওয়া হয় এবং তাঁর মোবাইল ফোন ব্যবহার করে স্ত্রী ও স্বজনদের কাছে দেড় লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। নিহত জসিম আল কাসিম এলাকার আল গাম্মাসে একটি মাজরায় শ্রমিক হিসেবে কর্মরত ছিলেন। এ হত্যার ঘটনায় মতলব উত্তর থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। এ ঘটনায় সৌদি আরবে সাব্বিার ● ২-এর পাতায় দেখুন



সৌদি আরবে খুন হওয়া মতলবের জসিম উদ্দিনের জানাজায় অংশগ্রহণকারী মুসল্লিদের একাংশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর ও যুব অধিকার পরিষদ নেতা মর্তুজা মাহবুব এবং প্রতিমন্ত্রী ব্যক্তিগত

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE AC কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta সত্য প্রকাশে অবিচল
রোববার ১ নভেম্বর ২০২৬, ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২০ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

ফলাফলে শীর্ষে ড. মনসুর উদ্দীন মহিলা কলেজ

কচুয়ায় এইচএসসিতে পাশের হার ৩৯.৯৬%, আলিমে ৬৪.১৩ % জিপিএ-৫ দশজন



এইচএসসি পরীক্ষার ফলাফলে শীর্ষে ড. মনসুর উদ্দীন মহিলা কলেজ।

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় এইচএসসিতে পাশের হার ৩৯.৯৬%, জিপিএ-৫ পেয়ে মাত্র ৩ জন। ৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১৫৭৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ উত্তীর্ণ হয় ৬২৯ জন। ড. মনসুর উদ্দীন মহিলা কলেজ থেকে ১৭১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ১জন জিপিএ-৫ সহ উত্তীর্ণ হয় ১৫৬ জন। পাশের হার ৯১.২৩%। আশেক আলী খান স্কুল এন্ড কলেজ থেকে ১৮৮জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে উত্তীর্ণ হয় ৯৭ জন। পাশের হার ৫১.৬ %। ড. মনসুর উদ্দীন মহিলা কলেজ কলেজ,পালাখাল রোস্তম আলী ডিগ্রি কলেজ ও আশেক আলী খান স্কুল এন্ড কলেজ থেকে একজন করে সমগ্র উপজেলায় জিপিএ-৫ পেয়েছে মাত্র ৩ জন। কচুয়া সরকারি টেকনিকাল স্কুল এন্ড কলেজ থেকে ৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে কৃতকার্য হয় ৩ জন। পাশের হার ৫০%। সাচার ডিগ্রী কলেজ থেকে ২১৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ ● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুরে তৃণমূল পর্যায়ে নারীর ক্ষমতায়নে নারী চেম্বারের ভূমিকা শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন এফবিসিসিআই -এর মহাসচিব মো. আলমগীর।

চাঁদপুরে তৃণমূল পর্যায়ে নারীর ক্ষমতায়নে নারী চেম্বারের ভূমিকা শীর্ষক সেমিনার

নারীদের ক্ষমতায়ন ছাড়া একটি দেশ কখনোই এগিয়ে যেতে পারবে না

----এফবিসিসিআই -এর মহাসচিব মো. আলমগীর

স্টাফ রিপোর্টার

চাঁদপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির আয়োজনে 'স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের (এলডিসি) উত্তরণ-পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় তৃণমূল পর্যায়ে নারীর ক্ষমতায়ন ও নারী চেম্বারের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩১ অক্টোবর) বিকেলে শহরের ওয়াইডব্লিউসিএ অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই -এর মহাসচিব মো. আলমগীর। চাঁদপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মনিরা আক্তারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন এফবিসিসিআই সিনিয়র অতিরিক্ত মহাসচিব শাহ মো. আব্দুল খালেক। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য চেম্বারের সহ-সভাপাতি আফরোজ জাহান আখন্দ। আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ওয়িং এপ্যারেলস লিমিটেডের চেয়ারম্যান ওয়ায়েছ মোহাম্মদ জয়, ফ্যান্টাসি আইল্যান্ডের ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জের ৮ কলেজে জিপিএ-৫ পেয়েছে ৬জন, মাদ্রাসা থেকে ১৬

ফরিদগঞ্জ প্রতিনিধি

সদ্য প্রকাশিত ২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে ফরিদগঞ্জ উপজেলায় ভয়াবহ বিপর্যয় দেখা দিয়েছে। উপজেলার সাধারণ কলেজ শাখাগুলোতে শিক্ষার মানের চরম অবনতি ঘটেছে। উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এবার এইচএসসি ও সমমানে মাত্র ২৫ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে। এর মধ্যে সাধারণ কলেজ থেকে মাত্র ৬ জন, বিএম (ভোকেশনাল) শাখা থেকে ৩ জন এবং আলিম পর্যায়ে ১৬ জন জিপিএ-৫ পেয়েছে। এই প্রথমবার সাধারণ এইচএসসির চেয়ে আলিম পরীক্ষার্থীরা জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে এগিয়ে রয়েছে।
উপজেলার ৮টি সাধারণ কলেজ থেকে মোট ১ হাজার ৬৯২ জন পরীক্ষার্থী অংশ নিলেও পাস করেছে মাত্র ৭০৯ জন। এতে গড় পাসের হার দাঁড়িয়েছে ৪১ দশমিক ৯১ শতাংশে।
শিক্ষা প্রতিষ্ঠানের পাশের তালিকায় দেখা যায়, ফরিদগঞ্জ সরকারি কলেজ থেকে ৩৬২ জন পরীক্ষা ● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুর পৌর ১১নং ওয়ার্ডের উত্তর গুনরাজদী বীর মুক্তিযোদ্ধা ও ভাষা সৈনিক মরহুম শেখ মুজাফফর আলী ও মরহুমা আংকুরেন্নেছা বেগম পাঞ্জেগানা মসজিদের উদ্বোধন উপলক্ষে দোয়া শেষে মুনাজাতরত মুসল্লিবৃন্দ।

শেখ মুজাফফর আলী ও আংকুরেন্নেছা বেগম পাঞ্জেগানা মসজিদের উদ্বোধন

স্টাফ রিপোর্টার

চাঁদপুর পৌরসভা ১১নং ওয়ার্ডের উত্তর গুণরাজদী মরহুম শেখ মুজাফফর আলী সড়কে বীর মুক্তিযোদ্ধা ও ভাষা সৈনিক মরহুম শেখ মুজাফফর আলী ও মরহুমা আংকুরেন্নেছা বেগম পাঞ্জেগানা মসজিদ এর উদ্বোধন করা হয়েছে। শুক্রবার (৩০ অক্টোবর) আসর নামাজ পড়ে ● ৩-এর পাতায় দেখুন

শাহমাহমুদপুরে বিএনপির সভাপতি থেকে স্বপন মাহমুদের পদত্যাগ

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার ৪নং শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি স্বপন মাহমুদের পদত্যাগকে ঘিরে ইউনিয়নের সকল ওয়ার্ড বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে অনুষ্ঠিত হয়েছে এক মতবিনিময় সভা। শুক্রবার (৩০ অক্টোবর) বিকেলে ইউনিয়নের মান্দারী তাজ সুপার মার্কেটের দ্বিতীয় তলায় এ সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামাল মিজির পরিচালনায় অনুষ্ঠিত সভায় ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড বিএনপি এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। ● ৩-এর পাতায় দেখুন



হাইমচরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান উদ্বোধন করছেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

হাইমচরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান উদ্বোধন করলেন এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিক

স্টাফ রিপোর্টার

ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি, মশার বংশবিস্তার রোধ এবং পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে হাইমচরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান ২০২৬ এর উদ্বোধন করা হয়েছে। শনিবার (৩১ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় হাইমচর উপজেলা পরিষদ প্রাঙ্গণে উপজেলা প্রশাসনের আয়োজনে এ অভিযানের উদ্বোধন করেন চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, ডেঙ্গু প্রতিরোধে শুধু প্রশাসনের উদ্যোগ যথেষ্ট নয়, এ ক্ষেত্রে সাধারণ মানুষের সচেতনতা ও সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রত্যেককে নিজ নিজ বাড়িঘর, আঙিনা, আশপাশের পরিবেশ এবং কর্মস্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। কোথাও ● ৩-এর পাতায় দেখুন



হাজীগঞ্জে যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি।

হাজীগঞ্জে বর্ণাঢ্য আয়োজনে যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ইউসুফ বেপারী

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাজীগঞ্জে বর্ণাঢ্য র‌্যালি ও যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (৩১ অক্টোবর) বিকেলে হাজীগঞ্জ পশ্চিম বাজারে অবস্থিত বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) দলীয় কার্যালয়ের সামনে উপজেলা, পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের যুবদলের নেতাকর্মীরা জড়ো হন। পরে সেখান থেকে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে হাজীগঞ্জ বিশ্বরোডে গিয়ে শেষ হয়। পরে সেখানে যুব সমাবেশ অনুষ্ঠিত হয়।
হাজীগঞ্জ উপজেলা যুবদলের আহ্বায়ক হুমায়ুন কবির সুমনের সভাপতিত্বে এবং হাজীগঞ্জ পৌর যুবদলের আহ্বায়ক মারুফ খান রাসেলের সঞ্চালনায় সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধান ● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে এইচএসসি ও আলিমে পাসের হার ৩৯.৮৩ শতাংশ

আক্তার হোসেন

হাইমচর উপজেলায় ২০২৬ সালের এইচএসসি ও আলিম পরীক্ষার ফলাফলে মিশ্র চিত্র দেখা গেছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের প্রকাশিত ফলাফল অনুযায়ী, এ পরীক্ষায় উপজেলার সাতটি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ৫৮০ জন শিক্ষার্থী অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছেন ২৩১ জন। সম্মিলিত পাসের হার ৩৯.৮৩ শতাংশ। জিপিএ-৫ পেয়েছেন মাত্র ৩ জন শিক্ষার্থী। এদিকে, পরীক্ষায় অংশ নেওয়ার জন্য মোট ৬১০ জন শিক্ষার্থী নিবন্ধন করেছিলেন। তাঁদের মধ্যে ৩০ জন পরীক্ষায় অংশ নেননি। প্রাপ্ত ফলাফল অনুযায়ী, এইচএসসি পরীক্ষায় উপজেলার চারটি কলেজ থেকে ৪৯৮ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছেন ১৬৪ জন। পাসের হার ৩২.৯৩ শতাংশ। এ পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছেন ৩ জন। অন্যদিকে, মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম পরীক্ষায় উপজেলার তিনটি মাদ্রাসা থেকে ৮২ জন পরীক্ষার্থী অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছেন ৬৭ জন। পাসের হার ৮১.৭১ শতাংশ। তবে এ পরীক্ষায় কোনো শিক্ষার্থী জিপিএ-৫ পাননি।
প্রতিষ্ঠানভিত্তিক ফলে দেখা যায়, হাইমচর সরকারি মহাবিদ্যালয় থেকে ৪২৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ১৪৪ জন। পাসের হার ৩৪.০৪ শতাংশ। প্রতিষ্ঠানটিতে ৪৪০ জন শিক্ষার্থী নিবন্ধিত ছিলেন। মোয়াজ্জেম হোসেন কলেজ থেকে ৩৯ জনের মধ্যে পাস ● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ট্রলির ধাক্কায় প্রাণ গেল শিশুর

মতলব উত্তরে ট্রলির ধাক্কায় মো. ইয়াছিন নামে পাঁচ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিকেলে উপজেলা বাগানবাড়ি ইউনিয়নের খাগুরিয়া গ্রামে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।
নিহত ইয়াছিন খাগুরিয়া গ্রামের খানবাড়ির আবুল হোসেন খানের নাতি এবং বাবু খানের ছেলে। সে খাগুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণির শিক্ষার্থী ছিল।
জানা যায়, বৃহস্পতিবার বিকেলে খাগুরিয়া গ্রামে একটি ট্রলির নিচে পড়ে গুরুতর আহত হয় ইয়াছিন। তার মাথা ও পায়ে মারাত্মক আঘাত লাগে। পরে স্বজনরা তাকে শ্রী-রায়েরচর একটি ডায়াগনস্টিক সেন্টারে নিয়ে যায় সেখানে অবস্থার আশঙ্কা জনক থাকলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে তার মৃত্যু হয়।
মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন। মতলব উত্তরে ট্রলির ধাক্কায় প্রাণহানির ঘটনা নতুন নয়। এর আগে গত ২১ অক্টোবর সাহেব বাজার-ঠেটালিয়া বেড়িবাঁধ সড়কের সম্ভুখার মোড়ে বালুবাহী ট্রলির ধাক্কায় আক্তার হোসেন খোকন (৪৫) নামে এক মোটরসাইকেল ● ৩-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে ইনকিলাব মঞ্চের আয়োজিত 'মার্চ ফর ইনসাফ' কর্মসূচিতে অংশ নেয়া নেতাকর্মী ও সাধারণ মানুষ।

ইনসাফপূর্ণ সমাজ প্রতিষ্ঠার প্রত্যয়ে ফরিদগঞ্জে ইনকিলাব মঞ্চের মার্চ ও সমাবেশ

ফরিদগঞ্জ প্রতিনিধি

ইনসাফভিত্তিক সমাজ বিনির্মাণ এবং বৈষম্যহীন রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার প্রত্যয়ে চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলায় ইনকিলাব মঞ্চের উদ্যোগে 'মার্চ ফর ইনসাফ' কর্মসূচি ও বর্ণাঢ্য সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার (৩০শে অক্টোবর) সকাল সাড়ে ১১টায় ফরিদগঞ্জ বাসস্ট্যান্ড এলাকায় এই কর্মসূচি পালিত হয়। এতে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ছাত্র সংগঠনের নেতাকর্মী অংশ নেন।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক আব্দুল্লাহ আল জাবের বলেন, ছাত্র-জনতার রক্তক্ষয়ী অভ্যুত্থানের পর দেশের মানুষের প্রধান প্রত্যাশা ছিল ইনসাফ ও ন্যায়বিচার প্রতিষ্ঠা। কিন্তু এখনো সমাজে বৈষম্য ও অন্যায় পুরোপুরি দূর হয়নি। ইনসাফপূর্ণ ● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ফলাফলে চরম বিপর্যয়

এইচএসসিতে পাসের হার ৩১.৯১%, আলিমে ২৮.৯৭%

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় ২০২৬ সালের এইচএসসি ও আলিম পরীক্ষার ফলাফলে চরম হতাশার চিত্র উঠে এসেছে। এইচএসসিতে গত বছরের তুলনায় পাসের হার কিছুটা বাড়লেও অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানে ফলাফল আশানুরূপ হয়নি। অন্যদিকে আলিম পরীক্ষায় পাসের হার গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে কমেছে। দুই পরীক্ষায় মোট ১ হাজার ৩৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে মাত্র ৪২৩ জন। জিপিএ-৫ পেয়েছে মাত্র ২ জন।
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের প্রকাশিত ফলাফল বিশ্লেষণে দেখা যায়, ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় উপজেলার ১২টি কলেজ থেকে ১ হাজার ১৯৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্যে পাস করেছে ৩৮১ জন। পাসের হার ৩১ ● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে কলেজে পাসের হার ৪৪.৮৮%, মাদ্রাসায় ৫৭.৪৬%, ভোকেশনালে শতভাগ পাস

মোঃ সাইফুদ্দীন

শাহরাস্তি উপজেলায় এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। উপজেলার ৬টি কলেজে পাসের হার ৪৪.৮৮ শতাংশ এবং ১০টি মাদ্রাসায় পাসের হার ৫৭.৪৬ শতাংশ। অন্যদিকে, ভোকেশনাল শাখায় চিতোষী ডিগ্রী কলেজ থেকে পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের সবাই কৃতকার্য হয়েছে।
প্রাপ্ত তথ্য অনুযায়ী, উপজেলার ৬টি কলেজ থেকে মোট ১ হাজার ৫৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে কৃতকার্য হয়েছে ৪৭৩ জন এবং অকৃতকার্য হয়েছে ৫৮১ জন। জিপিএ-৫ অর্জন করেছে ২ জন। কলেজগুলোতে মোট পাসের হার ৪৪.৮৮ শতাংশ। কলেজগুলোর মধ্যে সবচেয়ে ভালো ফলাফল করেছে সূচীপাড়া ডিগ্রি কলেজ। প্রতিষ্ঠানটির কৃতকার্যের হার ৭০.১১ শতাংশ। অন্যদিকে, তুলনামূলক খারাপ ফলাফল করেছে চিতোষী ডিগ্রী কলেজ ও করফুলেন্নাছা সরকারি মহিলা কলেজ। প্রতিষ্ঠান দুটির কৃতকার্যের ● ৩-এর পাতায় দেখুন



শাহরাস্তিতে সুন্দরবন স্টিল কর্পোরেশনের দ্বিতীয় শাখার উদ্বোধন।

শাহরাস্তিতে সুন্দরবন স্টিল কর্পোরেশনের দ্বিতীয় শাখার উদ্বোধন

সাইফুদ্দীন

'নতুন রূপে নতুন সাজে, মাপে দায়ে ও ব্র্যান্ডের বিশ্বস্ত প্রতিষ্ঠান' এ স্লোগানকে সামনে রেখে চাঁদপুরের শাহরাস্তিতে মেসার্স সুন্দরবন স্টিল কর্পোরেশনের দ্বিতীয় শাখার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।
শনিবার (৩১ অক্টোবর) বেলা ১২টায় স্থানীয় অডিটোরিয়ামে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে টেলি কনফারেন্সে বক্তব্য রাখেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য, চাঁদপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও চাঁদপুর-৫ (শাহরাস্তি-হাজীগঞ্জ) আসনের সংসদ সদস্য লায়ন ইঞ্জিনিয়ার মমিনুল হক।
প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠান সঞ্চালনা করেন শাহরাস্তি উপজেলা যুবদলের আহ্বায়ক আলী আজগর মিয়াজি।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহরাস্তি উপজেলা বিএনপির সভাপতি আয়াত আলী ভূঁইয়া, শাহরাস্তি উপজেলা বিএনপির সাবেক আহবায়ক আক্তার হোসেন ● ৩-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

হাইমচরে কিশোরকণ্ঠ মেধাবৃত্তি পরীক্ষা

হাইমচর প্রতিনিধি

কিশোরকণ্ঠ ফাউন্ডেশন চাঁদপুর শহর শাখার আয়োজনে হাইমচরে 'কিশোরকণ্ঠ মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬' অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৩০ অক্টোবর) সকাল ১০টায় উপজেলার আল-আমিন আদর্শ মহিলা মাদ্রাসা কেন্দ্রে হাইমচর উপজেলার বিভিন্ন স্কুল,মাদ্রাসা ও ● ৩-এর পাতায় দেখুন

মেহেদী উৎসব প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

শহর প্রতিনিধি

নতুন কুঁড়ি ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠনের ৩ যুগ পূর্তি উপলক্ষে মেহেদী উৎসব প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শনিবার (৩১ অক্টোবর) চাঁদপুর জেলা শিল্পকলা একাডেমিতে এ আয়োজন করা হয়। মেহেদী উৎসব প্রতিযোগিতায় ৩টি বিভাগে প্রায় শতাধিক নারী অংশগ্রহণ করেন।
বিকেলে প্রধান অতিথি হিসেবে উৎসবের শুভ উদ্বোধন করেন চাঁদপুর সরকারি কলেজের ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*,
যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত,
সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত

রোববার ॥ ১ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

অনলাইনে নিরাপত্তাহীন নারী সরকারি পদক্ষেপের পরিধি বাড়াতে হবে

ডিজিটাল অবকাঠামোর বিকাশ ও ইন্টারনেটের সহজলভ্যতা আমাদের জীবনযাত্রাকে গতিশীল করলেও, ভার্চুয়াল জগৎকে নারীদের জন্য চরম ঝুঁকিপূর্ণ ও অনিরাপদ করে তুলেছে। সম্প্রতি বাংলাদেশ মহিলা পরিষদ ও ডিজিটালি রাইটের যৌথ উদ্যোগে প্রকাশিত 'অ্যাবিউজ বিয়ন্ড দ্য স্ক্রিন' (পর্দা ছাপিয়ে সহিংসতা) শীর্ষক গবেষণা প্রতিবেদন বলছে, দেশে ইন্টারনেট ব্যবহারকারী নারীদের প্রায় ৬৪ শতাংশ প্রযুক্তিসহায়ক সহিংসতার শিকার হচ্ছেন। এ পরিসংখ্যান আমাদের সমাজ ও ডিজিটাল ব্যবস্থার এক গভীর সংকটের প্রতিফলন।

গবেষণা প্রতিবেদনটিতে দেখা যায়, তরুণী, শিক্ষার্থী ও উচ্চশিক্ষিত নারীরাই এই ডিজিটাল সহিংসতার প্রধান শিকার। বিশ্ববিদ্যালয় পাস নারীদের ৭৭ শতাংশ এবং ১৫ থেকে ২৪ বছর বয়সী তরুণীদের ৪৯ শতাংশই কোনো না কোনোভাবে সাইবার আক্রমণের মুখোমুখি হচ্ছেন। আর এই অপরাধ ছড়ানোর প্রধান মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে ফেসবুক ও মেসেঞ্জার।

আরও করুণ বাস্তবতা হলো ভুক্তভোগী নারীদের প্রতিকার পাওয়ার সুযোগ প্রায় শূন্যের কোঠায়। সামাজিক যোগাযোগমাধ্যমগুলোর দায়িত্বহীনতা ও বিচারহীনতার সংস্কৃতি অপরাধীদের আরও বেপরোয়া করে তুলছে।

সদর উপজেলায় এইচএসসির

জিপিএ-৫ পেয়েছে ২ জন। এছাড়া খেরুদিয়া দেলোয়ার হোসেন উচ্চ বিদ্যালয় ও কলেজে পাসের হার ৫১.৩৫ শতাংশ, যেখানে মোট পরীক্ষার্থী ছিল ৩৭ জন।

অন্যদিকে বাবুরহাট কলেজে ৪৫২ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৫.৩৫ শতাংশ পাস করেছে এবং জিপিএ-৫ পেয়েছে ৩ জন। পুরাণ বাজার ডিগ্রি কলেজে ৫৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাসের হার ৪৪.৯১ শতাংশ। বীর প্রতিক মমিন উল্যাহ একাডেমী থেকে ৩৬ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪১.৬৭ শতাংশ পাস করেছে।

তবে উপজেলার কয়েকটি প্রতিষ্ঠানের ফলাফল বেশ হতাশাজনক। চাঁদপুর রেসিডেন্সিয়াল কলেজে ৫৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাসের হার ২৫.৪২ শতাংশ, ফরক্কাবাদ কলেজে ২৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ২৩.৫ শতাংশ এবং কামরাংগা স্কুল ও কলেজে ২১ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ১৯.০৫ শতাংশ শিক্ষার্থী পাস করতে সক্ষম হয়েছে। উপজেলার সামগ্রিক ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, কিছু প্রতিষ্ঠান সন্তোষজনক ফল করলেও বেশ কয়েকটি কলেজের পাসের হার অর্ধেকেরও নিচে নেমে এসেছে।

চাঁদপুরে এইচএসসিতে

বিশ্লেষণে দেখা যায়, আটটি উপজেলার মধ্যে কোনো উপজেলাতেই পাসের হার ৬০ শতাংশে পৌঁছায়নি। পাসের হারে শীর্ষে রয়েছে চাঁদপুর সদর উপজেলা। অন্যদিকে, সবচেয়ে পিছিয়ে রয়েছে মতলব উত্তর।

চাঁদপুর সদর উপজেলায় ১৪টি প্রতিষ্ঠানের ৩ হাজার ৬২৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ১৩৪ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে সর্বোচ্চ ৭৩ জন। পাসের হার ৫৮.৯০ শতাংশ।

শাহরাস্তি উপজেলায় ৬টি প্রতিষ্ঠানের ১ হাজার ৫৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৭০ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ২ জন। পাসের হার ৪৪.৮৮ শতাংশ।

হাজীগঞ্জ উপজেলায় ৯টি প্রতিষ্ঠানের ২ হাজার ৭১৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ২০৩ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ১৫ জন। পাসের হার ৪৪.৩৪ শতাংশ।

কচুয়া উপজেলায় ৯টি প্রতিষ্ঠানের ১ হাজার ৫৭৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৩০ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৪ জন। পাসের হার ৪০.০৩ শতাংশ।

মতলব উত্তর উপজেলায় ১২টি প্রতিষ্ঠানের ১ হাজার ১৯৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৮১ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে মাত্র ২ জন। পাসের হার ৩১.৯১ শতাংশ, যা জেলার মধ্যে সর্বনিম্ন।

মতলব দক্ষিণ উপজেলায় ৭টি প্রতিষ্ঠানের ৯২৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩২৫ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৩ জন। পাসের হার ৩৫.১৪ শতাংশ।

ফরিদগঞ্জ উপজেলায় ৮টি প্রতিষ্ঠানের ১ হাজার ৬৯২ জন পরীক্ষার্থীর মধ্যে ৭০৯ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৬ জন। পাসের হার ৪১.৯০ শতাংশ।

হাইমচর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানের ৪৯৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬৪ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ২ জন। পাসের হার ৩২.৯৩ শতাংশ।

এইচএসসি সাধারণের ফলাফলে সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হচ্ছে, জেলার মোট ১০৭ জন জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ৭৩ জনই চাঁদপুর সদর উপজেলার। অর্থাৎ মোট জিপিএ-৫-এর প্রায় ৬৮ শতাংশ এসেছে সদর উপজেলা থেকে। বিপরীতে মতলব উত্তর, শাহরাস্তি ও হাইমচরে জিপিএ-৫ পেয়েছে মাত্র ২ জন করে।

আলিমে পাসের হার ৬৪.২৭ শতাংশ, জিপিএ-৫-এ যৌথভাবে এগিয়ে হাজীগঞ্জ-ফরিদগঞ্জ

আলিম পরীক্ষায় এইচএসসি সাধারণের তুলনায় ভালো ফলাফল করেছে চাঁদপুর জেলা। এ পরীক্ষায় ৯৭টি প্রতিষ্ঠানের ২ হাজার ৫৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬৫৩ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৪৫ জন। জেলার গড় পাসের হার ৬৪.২৭ শতাংশ।

উপজেলাভিত্তিক ফলাফলে হাজীগঞ্জ উপজেলা পাসের হারে শীর্ষে রয়েছে। এ উপজেলায় ১৩টি প্রতিষ্ঠানের ৩৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৩১০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৮২.০১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১৬ জন।

চাঁদপুর সদর উপজেলায় ১৭টি প্রতিষ্ঠানের ৪১৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩১৬ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৩ জন। পাসের হার ৭৬.১৪ শতাংশ।

শাহরাস্তি উপজেলায় ১০টি প্রতিষ্ঠানের ২৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৫৪ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ২ জন। পাসের হার ৫৭.৪৬ শতাংশ।

কচুয়া উপজেলায় ১৪টি প্রতিষ্ঠানের ৪৬০ জন পরীক্ষার্থীর মধ্যে ২৯৫ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৭ জন। পাসের হার ৬৪.১৩ শতাংশ।

মতলব উত্তর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানের ১৫৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৬ জন উত্তীর্ণ হয়েছে। এ উপজেলায় কেউ জিপিএ-৫ পায়নি। পাসের হার ৩৫.২২ শতাংশ।

মতলব দক্ষিণ উপজেলায় ৭টি প্রতিষ্ঠানের ১৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৩ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ১ জন। পাসের হার ৩১.৬২ শতাংশ। আলিম পরীক্ষায় এ উপজেলায় পাসের হার সবচেয়ে কম।

ফরিদগঞ্জ উপজেলায় ২৭টি প্রতিষ্ঠানের ৬৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৪১২ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ১৬ জন। পাসের হার ৬১.৯৫ শতাংশ। জিপিএ-৫ প্রাপ্তিতে হাজীগঞ্জের সঙ্গে যৌথভাবে শীর্ষে রয়েছে ফরিদগঞ্জ।

হাইমচর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানের ৯১ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭৩.৬৩ শতাংশ। এ উপজেলায় কেউ জিপিএ-৫ পায়নি।

আলিম পরীক্ষার ফলাফলে বিশেষভাবে নজর কেড়েছে হাজীগঞ্জ ও ফরিদগঞ্জ উপজেলা। পাসের হারে হাজীগঞ্জ প্রথম হলেও জিপিএ-৫ অর্জনে দুই উপজেলা সমান অবস্থানে রয়েছে। অন্যদিকে, মতলব উত্তর ও মতলব দক্ষিণ উপজেলার ফলাফল তুলনামূলকভাবে দুর্বল।

ভোকেশনালে পাসের হার ৬৯.৯৬ শতাংশ, শাহরাস্তিতে শতভাগ পাস

এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় চাঁদপুর জেলার পাসের হার ৬৯.৯৬ শতাংশ। এ পরীক্ষায় ১৩টি প্রতিষ্ঠানের ৯৭২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। প্রকাশিত ফলাফল বিবরণী অনুযায়ী উত্তীর্ণ হয়েছে ৬৮০ জন। জিপিএ-৫ পেয়েছে ১৭ জন।

উপজেলাভিত্তিক ফলাফলে শাহরাস্তি উপজেলায় শতভাগ পাসের সাফল্য এসেছে। এ উপজেলার একটি প্রতিষ্ঠানের ৪৪ জন পরীক্ষার্থীর সবাই উত্তীর্ণ হয়েছে। তবে কেউ জিপিএ-৫ পায়নি।

ফরিদগঞ্জ উপজেলায় ২টি প্রতিষ্ঠানের ৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৫ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৮৫.৫৩ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩ জন।

হাজীগঞ্জ উপজেলায় ৫টি প্রতিষ্ঠানের ৫৪০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪১২ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭৬.২৭ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে সর্বোচ্চ ১১ জন।

হাইমচর উপজেলায় একটি প্রতিষ্ঠানের ৫৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৪০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৭০.৪৪ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৩ জন।

মতলব দক্ষিণ উপজেলায় একটি প্রতিষ্ঠানের ৭১ জন পরীক্ষার্থীর মধ্যে ৪২ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৫৯.১৫ শতাংশ।

চাঁদপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানের ১৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৭১ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৪০.৫৭ শতাংশ।

অন্যদিকে, কচুয়া উপজেলায় একটি প্রতিষ্ঠানের ৬ জন পরীক্ষার্থীর কেউ উত্তীর্ণ হতে পারেনি। ফলে পাসের হার শূন্য শতাংশ। মতলব উত্তর উপজেলায় এ পরীক্ষায় কোনো পরীক্ষার্থী অংশগ্রহণ করেনি।

তিন ধারায় জিপিএ-৫ পেয়েছে ১৬৯ জন, এগিয়ে চাঁদপুর সদর ও হাজীগঞ্জ

তিন ধারার পরীক্ষার জিপিএ-৫ প্রাপ্তির পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায়, মোট ১৬৯ জন শিক্ষার্থী সর্বোচ্চ ফলাফল অর্জন করেছে। এর মধ্যে এইচএসসি সাধারণে ১০৭ জন, আলিমে ৪৫ জন এবং ভোকেশনালে ১৭ জন।

এইচএসসি সাধারণে ৭৩ জন জিপিএ-৫ নিয়ে চাঁদপুর সদর উপজেলা শীর্ষে। আলিমে হাজীগঞ্জ ও ফরিদগঞ্জে ১৬ জন করে জিপিএ-৫ পেয়েছে। ভোকেশনালে ১১ জন জিপিএ-৫ নিয়ে শীর্ষে হাজীগঞ্জ।

অর্থাৎ তিন ধারার পরীক্ষায় জিপিএ-৫ অর্জনে চাঁদপুর সদর, হাজীগঞ্জ ও ফরিদগঞ্জের শিক্ষার্থীরা তুলনামূলক ভালো করেছে। বিশেষ করে হাজীগঞ্জ তিন ধারার ফলাফলে উল্লেখযোগ্য অবস্থান তৈরি করেছে।

ফলাফলে শিক্ষার মান নিয়ে প্রশ্ন

তিন ধারার ফলাফল পাশাপাশি রাখলে চাঁদপুর জেলার শিক্ষার ক্ষেত্রে এক ধরনের বৈপরীত্য দেখা যায়। এইচএসসি সাধারণে পাসের হার ৪৫.৩৫ শতাংশ হলেও আলিমে ৬৪.২৭ এবং ভোকেশনালে ৬৯.৯৬ শতাংশ। অর্থাৎ সাধারণ শিক্ষার তুলনায় মাদ্রাসা ও কারিগরি ধারায় পাসের হার বেশি।

বিশেষ করে এইচএসসি সাধারণে জেলার আট উপজেলার কোনোটিতেই পাসের হার ৬০ শতাংশে পৌঁছায়নি। মতলব উত্তর, মতলব দক্ষিণ ও হাইমচরে পাসের হার ৩৬ শতাংশের নিচে। অন্যদিকে, আলিমে মতলব উত্তর ও মতলব দক্ষিণের ফলাফলও দুর্বল। ফলে কয়েকটি উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার মান ও পরীক্ষার প্রস্তুতি নিয়ে প্রশ্ন উঠেছে।

তবে শুধু পাসের হার দিয়ে কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের সামগ্রিক শিক্ষার মান নির্ধারণ করা যায় না। পরীক্ষার্থীদের উপস্থিতি, বিষয়ভিত্তিক ফলাফল, শিক্ষার্থীদের পূর্ববর্তী প্রস্তুতি, শিক্ষকদের পাঠদান, প্রতিষ্ঠানের অবকাঠামো এবং ব্যবহারিক শিক্ষার সুযোগসহ বিভিন্ন বিষয় বিশ্লেষণ করা প্রয়োজন।

শিক্ষার এই বৈষম্য কমাতে পিছিয়ে থাকা উপজেলাগুলোর শিক্ষাপ্রতিষ্ঠান চিহ্নিত করে বিশেষ নজরদারি, নিয়মিত পাঠদান, দুর্বল শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ক্লাস এবং প্রতিষ্ঠানভিত্তিক ফলাফল পর্যালোচনার উদ্যোগ নেওয়া জরুরি।

চাঁদপুর জেলার এবারের এইচএসসি, আলিম ও ভোকেশনাল পরীক্ষার ফলাফল একদিকে যেমন কয়েকটি প্রতিষ্ঠানের সাফল্য তুলে ধরেছে, অন্যদিকে সাধারণ শিক্ষায় পাসের নিম্নহার এবং উপজেলাভিত্তিক ফলাফলের বৈষম্য জেলার শিক্ষা প্রশাসনের সামনে নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে।

এক-দুই বিষয়ে ফেল করা

ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হলে পরবর্তী বছর আবার পরীক্ষায় অংশ নিতে হয়। সে ক্ষেত্রে শুধু অকৃতকার্য বিষয়গুলো অথবা ইচ্ছা করলে সব বিষয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ থাকে। ফলে মাত্র এক বা দুই বিষয়ে অকৃতকার্য হলেও শিক্ষার্থীদের পরবর্তী পরীক্ষার জন্য প্রায় এক বছর অপেক্ষা করতে হয়।

এ দীর্ঘ অপেক্ষার কারণে শিক্ষার্থীদের শিক্ষাজীবনে পিছিয়ে পড়ার পাশাপাশি মানসিক চাপও বাড়ে। নতুন উদ্যোগের ফলে এক বা দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীরা দ্রুত পুনরায় পরীক্ষায় অংশ নিয়ে ফল উন্নয়নের সুযোগ পাবেন।

চাঁদপুর ইসলামী সমাজকল্যাণ

আলী উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে।

মাহফিলে প্রধান আলোচকের বক্তব্য পেশ করেন হাজীগঞ্জ আহমাদিয়া কামিল মাদ্রাসার প্রধান মুহাদ্দিস, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক মুহাদ্দিস আবু নছর আশরাফী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন চাঁদপুর সমাজ উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক চাঁদপুর জর্জ কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মো: শাহজাহান মিয়া।

মাহফিলে সভাপতিত্ব করেন চাঁদপুর ইসলামী সমাজকল্যাণ পরিষদের সভাপতি ও ইসলামপুর গাছতলা দরবারের পীর সাহেব আল্লামা খাজা মোঃ অলিউল্লাহ। মাহফিলের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন ইসলামী সমাজকল্যাণ পরিষদের সেক্রেটারী এডঃ শাহজাহান খান।

শেখ বেলায়েত হোসেনের পরিচালনায় বিশেষ অতিথির আলোচনা করেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, তরুণ বক্তা ও সু-মধুর কণ্ঠস্বর আলহাজ্ব হযরত মাওলানা মুহাম্মদ সালাহউদ্দিন চাঁদপুরী, হযরত মাওলানা হাফিজ আহমাদ আনসারী খতিব, চিশতিয়া জামে মসজিদ। অধ্যাপক মাওলানা ছোহাইল আহমাদ চিশতী, খতিব, দারুসসালাম জামে মসজিদ।

নাতে রাসূল (সাঃ) পরিবেশন করেন চাঁদপুর হিলশা সাহিত্য সাংস্কৃতিক সংসদ ও মোহনা শিল্পীগোষ্ঠী। মাহফিলে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা পেন্ডেলের ব্যবস্থা করা হয়েছে।

চাঁদপুরে কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের

ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ ও জমাদানের গত ১৫ আগস্ট থেকে ১৫ অক্টোবর পর্যন্ত সরাসরি বা অনলাইনের মাধ্যমে ২০০ টাকা ফি দিয়ে রেজিস্ট্রেশন করেছে শিক্ষার্থীরা।

পরীক্ষা কেন্দ্র পরিদর্শণ করেন কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের চাঁদপুর শহর শাখার পরিচালক মো: জাহিদুল ইসলাম, সাবেক পরিচারক সাইফুল ইসলাম সবুজ, সদস্য সচিব হাফেজ নাজমুস সাকলাইন, জেলা শাখার পরিচালক মাহমুদুল হাসান।

উল্লেখ্য, ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ : শাখা: চাঁদপুর শহর। ০১ জানুয়ারি, ২০২৭ (শুক্রবার) (সম্ভাব্য)। সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৬০ দিনের মধ্যে মেধাবৃত্তির ফলাফল ও জাতীয় পর্যায়ের ফলাফল প্রকাশ করা হবে। প্রত্যেক শ্রেণিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত প্রতিযোগীর জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার। ট্যালেন্টপুল, সাধারণ ও বিশেষ এই তিনটি গ্রেডে বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষা বৃত্তি বাবদ নগদ অর্থ সম্মাননা ও আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।

চাঁদপুর ইলিশঘাটে পঁচা

অভিযানকালে জব্দ করা পচা ইলিশ মাছ ধ্বংস করা হয়। একইসঙ্গে ব্যবসায়ী ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার অঙ্গীকার করেন।

এ সময় মাছ ব্যবসায়ীদের ক্রয়-বিক্রয়ের ভাউচার সংরক্ষণ, যৌক্তিক মূল্যে মাছ বিক্রি, পচা মাছ বিক্রি থেকে বিরত থাকা এবং ওজনে কম না দেওয়ার নির্দেশনা দেওয়া হয়। পাশাপাশি জনসচেতনতা বাড়াতে লিফলেট বিতরণ করা হয়।

অভিযানে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি, পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর বেলায়েত হোসেন রাজু, ক্যাব সদস্য বিপ্লব সরকার, মৎস্য বণিক সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আব্দুল বারী জমাদার জেলা পুলিশের একটি দল সার্বিক সহযোগিতা করে।

জনস্বার্থে ভোক্তা অধিকার সংরক্ষণে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানান এই কর্মকর্তা।

খেলার মাঠে কোনো

কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। পরে আউটার স্টেডিয়ামের মাঠ পরিদর্শন করে মাঠ সংস্কার ও খেলাধুলার সার্বিক খোঁজখবর নেন।

এ সময় শেখ ফরিদ আহম্মেদ মানিক বলেন, খেলার মাঠে কোনো বিজয় মেলা হবে না। মেলা হলে শিশু ও কিশোররা খেলবে কোথায়? মেলার জন্য প্রশাসন অন্য কোনো মাঠের ব্যবস্থা করুক। খেলার মাঠে শুধু খেলাই হবে।

তিনি আরও বলেন, খেলাধুলার জন্য মাঠের পরিবেশ নিশ্চিত করা জরুরি। শিশু-কিশোর ও তরুণদের খেলাধুলার সুযোগ দিতে মাঠকে খেলার উপযোগী রাখতে হবে।

পরিদর্শনকালে চাঁদপুর স্টেডিয়ামের কর্মকর্তা ও মাঠ সংস্কার কাজে নিয়োজিত ব্যক্তিদের মাঠ পরিষ্কার-পরিচ্ছন্ন করে দ্রুত খেলার উপযোগী করে দেওয়ার নির্দেশনা দেন এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিক।

এ সময় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, ফেরদৌস আলম বাবু ও ডি এম শাহাজাহান, চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব জয়নাল আবেদীন জনু, চাঁদপুর সদর উপজেলা বিএনপির সভাপতি শাহজালাল মিশন, জেলা ক্রীড়া সংস্থার সদস্য ও কোচ আনোয়ার হোসেন মানিক, সদর উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য ও কোচ জাহাঙ্গীর হোসেন গাজী, জেলা যুবদলের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নুরুল আমিন খান আকাশ, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমান হোসেন গাজী, বর্তমান কমিটির আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী ও সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগসহ জেলা ক্রীড়া সংস্থার কর্মকর্তা, খেলোয়াড় এবং বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

চাঁদপুরে তানযীমুল উম্মাহ

মো. শোয়াইব এবং চাঁদপুরের জেল সুপার জয়নাল আবেদীন ভূঞা।

অনুষ্ঠানে শিক্ষার্থী আব্দুল্লাহ বিন ইউসুফ পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করেন। আহনাফ হাবিব আকিফ বাংলা এবং আহমেদ বিন কবির ইংরেজি অনুবাদ উপস্থাপন করে। পরে শিক্ষার্থীরা ইসলামী সংগীত পরিবেশন করে। এ সময় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেয়া হয়।

বক্তারা বলেন, পবিত্র কুরআন হিফজ করা অত্যন্ত সৌভাগ্যের বিষয়। তবে শুধু কুরআন মুখস্থ করাই যথেষ্ট নয়, এর শিক্ষা নিজেদের জীবনে বাস্তবায়ন করতে হবে। একই সঙ্গে বাবা-মা ও শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল থেকে জীবনের প্রতিটি ক্ষেত্রে সততা, শৃঙ্খলা ও উত্তম চরিত্রের পরিচয় দিতে হবে।

তারা আরও বলেন, শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত করে আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে শিক্ষক ও অভিভাবকদের পাশাপাশি সমাজের সর্বস্তরের মানুষকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিবর্গ, ওলামায়ে কেরাম, শিক্ষক, অভিভাবক ও আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন।

মতলব দক্ষিণে যুবদলের

হয়ে স্থানীয় এনএএম টাওয়ারের কাছে আসলে পূর্বপরিকল্পিতভাবে পৌর বিএনপির সদস্য মিজান পাটওয়ারীর নির্দেশে যুবদল নেতা বাবু পাটওয়ারী, উজ্জ্বল, মতলব দক্ষিণ উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. তরিকুল ইসলাম, আলী হোসেনসহ আরো ১০/১২জন র‍্যালী থেকে আবু সামাকে ধরে নিয়ে যায়। শিশু মাতৃ ডায়াগনস্টিক সেন্টারের সম্মুখে নিয়ে এলোপাথারি কিল ঘুষি লাথি ও দেশীয় অস্ত্র দিয়ে মারধর শুরু করে। আমার ডাক চিৎকারে আশে-পাশের লোকজন দৌড়ে আসলে প্রাথমিকভাবে শিশু মাতৃ ডায়াগনস্টিক সেন্টারে আশ্রয় নেই। পরবর্তীতে আবু সামাকে মতলব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে। বর্তমানে সে ঢাকায় চিকিৎসাধীন রয়েছে।

সংগঠনের অভ্যন্তরীণ কোন্দল ও ব্যক্তিগত শত্রুতাবশত এ হামলা চালানো হয়েছে বলে ভুক্তভোগী ও স্থানীয় কর্মীদের একাংশ দাবি করছেন। ঘটনার পর থেকে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় রাজনৈতিক সচেতন মহল এবং যুবদলের একাংশ এই ধরনের সহিংস ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। এ বিষয়ে স্থানীয় মতলব দক্ষিণ থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

মতলব দক্ষিণ থানার অফিসার ইনচার্জ হাফিজুর রহমান মানিক বলেছেন, মারধরের ঘটনায় অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীর মতো দলীয় অনুষ্ঠানে নিজ দলের রাজনৈতিক প্রতিপক্ষের এহেন হামলায় সাধারণ কর্মী ও স্থানীয়দের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঘটনার পর থেকে এলাকায় থমথমে অবস্থা ও রাজনৈতিক উত্তেজনা বিরাজ করছে। যুবদলের স্থানীয় নেতা-কর্মীরা ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অভিযুক্ত মিজানুর পাটোয়ারী ও তার সাথে থাকা চক্রটিকে অবিলম্বে গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

মতলব দক্ষিণে ফলাফলে

জিপিএ ৫ পেয়েছে একজন, পাসের হার ৩৩.৬৮%। মুন্সিরহাট কলেজ থেকে ৬৪ জনের মধ্যে পাস করেছে ২৬ জন,পাসের হার ৪০.৩৩%, কেএফটি কলেজিয়েট স্কুল থেকে ২৫ জনের মধ্যে পাস করেছে ১৯ জন,পাসের হার ৭৬%,আশ্বিনপুর স্কুল এন্ড কলেজ থেকে ৪৭ জনের মধ্যে পাস করেছে ২১ জন,পাসের হার ৪৪.৪৮% এবং কাচিয়ারা স্কুল এন্ড কলেজ থেকে ৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাশ করেছে ১জন,পাসের হার ১৬.৩৬%।

অপরদিকে আলিম পরীক্ষায় মতলব দারুল উলুম ইসলামিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২০জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১১ জন, জিপিএ ৫ পেয়েছে ১জন,পাসের হার ৫৫%,নওগাঁও রাশেদিয়া ফাজিল মাদ্রাসা থেকে ১৫ জনের মধ্যে পাস করেছে ৩জন, পাশের হার ২০ %,গিলাতলী সামাদিয়া কাশিমুল কামিল মাদ্রাসা থেকে ২৬ জনের মধ্যে পাস করেছে ১৪জন,পাসের হার ৫৩.৮৪%, কালিয়াইশ ফাজিল মাদ্রাসা থেকে ১৬ জনের মধ্যে পাস করেছে৩জন,পাসের হার ১৮.৭৫%,নন্দী খোলা ফাজিল মাদ্রাসা থেকে ১৬ জনের মধ্যে পাশ করেছে ৬ জন, পাশের হার ৩৭.৫০%,খড়গপুর ফাজিল মাদ্রাসা থেকে ১৯ জনের মধ্যে পাস করেছে ১ জন, পাসের হার ৫.২৬%, কাচিয়ারা জামালিয়া আলিম মাদ্রাসা থেকে ২৪ জনের মধ্যে পাস করেছে ৫জন,পাসের হার ২০.৮৩%।

হাজীগঞ্জে সর্বোচ্চ পাস ডিগ্রি কলেজে,

কলেজে ১২৮ জনের মধ্যে ৩০ জন, দেশগাঁও ডিগ্রি কলেজে ১১১ জনের মধ্যে ৫৮ জন এবং কাঁকৈরতলা জনতা কলেজে ১০৪ জনের মধ্যে ৫৫ জন উত্তীর্ণ হয়েছে।

অন্যদিকে, হাজীগঞ্জ সরকারি মডেল পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ থেকে ৯৮ জনের মধ্যে ৩০ জন এবং হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশন থেকে ৩১ জনের মধ্যে ১৫ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের তথ্য অনুযায়ী, এ বছর বোর্ডের পাসের হার ৪৮.০৪ শতাংশ। সে তুলনায় হাজীগঞ্জ উপজেলায় পাসের হার ৪৪.৩৪ শতাংশ, যা বোর্ডের পাসের হারের চেয়ে ৩.৭০ শতাংশ কম।

হাজীগঞ্জ ডিগ্রি কলেজে সর্বোচ্চ ৫৩.৩৯ শতাংশ পাসের হার অর্জিত হয়েছে। অন্যদিকে, বলাখাল মকবুল আহমেদ ডিগ্রি কলেজে পাসের হার সবচেয়ে কম, ১২.৭৯ শতাংশ।

উপজেলার ৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের ফলাফলে মোট ১৫ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করলেও অধিকাংশ প্রতিষ্ঠানে জিপিএ-৫ শূন্য রয়েছে।

সাংবাদিকদের পেশাগত দক্ষতার

করা হয়। সভায় জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি ও চাঁদপুর-৪ আসনের সাবেক সংসদ সদস্য সাংবাদিক মুহম্মদ শফিকুর রহমানের মৃত্যুতে সভায় আনুষ্ঠানিকভাবে শোক প্রস্তাব আনা হয় এবং মরহুমের রুহের মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। এছাড়াও চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি অসুস্থ অধ্যক্ষ (অব:) জালাল চৌধুরীর সুস্থতা কামনা করা হয়। অনুষ্ঠানে দোয়া ও মুনাজাত পরিচালনা করেন প্রেস ক্লাবের সিনিয়র কার্যনির্বাহী সদস্য অ্যাড. মোঃ শাহজাহান মিয়া।

সভায় চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী তার বক্তব্যে বলেন, ঐতিহ্যবাহী চাঁদপুর প্রেস ক্লাব ১৯৭০সালে প্রতিষ্ঠিত হয়। চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকদের পেশাগত মর্যাদা, ঐক্য ও সাংবাদিকতার উন্নয়নে দীর্ঘদিন ধরে কাজ করে আসছে। চাঁদপুর প্রেস ক্লাবের নেতৃত্বে জেলার সাংবাদিকরা ঐক্যবদ্ধ রয়েছে। ঐক্যই আমাদের মূল শক্তি। যে কোন সমস্যা মোকাবেলায় আমরা ঐক্যবদ্ধ রয়েছি। সাংবাদিকদের যে কোন পজিটিভ দাবীর সাথে প্রেস ক্লাব একমত পোষন করছে। মাঠে পেশাগত দায়িত্ব পালনকালে সাংবাদিকদের সুরক্ষার বিষয়টি গুরুত্বের সাথে দেখতে সরকারের নিকট দাবী জানাচ্ছি। সেই সাথে সাংবাদিকদের পারস্পরিক সমন্বয় ও ঐক্যবদ্ধ প্রচেষ্টার মাধ্যমে চাঁদপুর প্রেস ক্লাবের দীর্ঘদিনের ঐতিহ্য, সুনাম ও মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে। পাশাপাশি সাংবাদিক সমাজ ও গণমানুষের কল্যাণে সংগঠনকে আরও কার্যকর ও শক্তিশালী করতে হবে।

কার্যনির্বাহী পরিষদের সভায় বক্তব্য দেন চাঁদপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি ইকবাল হোসেন পাটোয়ারী, গিয়াসউদ্দিন মিলন, শাহাদাত হোসেন শান্ত, রহিম বাদশা, সাবেক সাধারণ সম্পাদক জি এম শাহীন, মির্জা জাকির, রিয়াদ ফেরদৌস, আল ইমরান শোভন, সিনিয়র কার্যনির্বাহী সিনিয়র সদস্য অ্যাড. মোঃ শাহজাহান মিয়া ও সিনিয়র সদস্য মুনির চৌধুরী।

এ সময় আরও বক্তব্য রাখেন কমিটির সহ-সভাপতি শওকত আলী, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল আউয়াল রুবেল, যুগ্ম সাধারণ সম্পাদক মোশারফ হোসেন লিটন, মোরশেদ আলম, সাংগঠনিক সম্পাদক ইব্রাহীম রনি, চৌধুরী ইয়াসিন ইকরাম ও তালহা জুবায়ের, কোষাধ্যক্ষ কে এম সালাউদ্দিন, প্রচার ও দপ্তর সম্পাদক শরীফুল ইসলাম, সাহিত্য, প্রকাশনা ও লাইব্রেরি সম্পাদক মুনাওয়ার কানন, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক এম আর ইসলাম বাবু, সমাজকল্যাণ, আপ্যায়ন ও বিনোদন সম্পাদক সেলিম রেজা।

এ ছাড়া কার্যনির্বাহী সদস্য আলম পলাশ, এ কে আজাদ, নেয়ামত হোসেন, মুহাম্মদ ইলিয়াস পাটওয়ারীসহ কমিটির অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান ও মেম্বার প্রার্থীদের

ও মেম্বার প্রার্থীদের ডোপ টেষ্ট বাধ্যতামূলক। সেই রিপোর্ট উপজেলা বিএনপি বরাবর দাখিল করতে হবে। এমনকি ইউনিয়ন এবং ওয়ার্ড বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের পদে থেকে কোন নির্বাচনে প্রার্থী হতে হলে, তাদেরকে ৩০ অক্টোবরের মধ্যে উপজেলা বিএনপি বরাবর পদত্যাগ পত্র জমা দিতে হবে।

তিনি বলেন, বিগত গণতান্ত্রিক আনন্দোলন সংগ্রামে যে সকল নেতৃবৃন্দ নিষ্ক্রিয় ছিলেন এবং হাইব্রিড প্রার্থীদের আগামী ৫ বছর দলের কাজ করার পর তাদেরকে পরবর্তী নির্বাচনে বিবেচনা করা হবে। সেই সাথে ছাত্রদলের কোনো নেতাকর্মী চেয়ারম্যান কিংবা মেম্বার প্রার্থী হতে পারবেন না। যে সকল নেতাকর্মীকে দল থেকে বহিষ্কার বা অব্যাহতি দেওয়া হয়েছে সে সকল নেতাকর্মী প্রার্থী হওয়ার কোন সুযোগ নাই। জেলা ও সদর উপজেলা বিএনপি'র সমন্বয়কবৃন্দ একক প্রার্থী নির্ধারণে যথাযথ কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

চাঁদপুর সদর উপজেলা বাগাদী ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল হাই মিয়াজীর সভাপতিত্বে বিশেষ অতিথি চাঁদপুর সদর উপজেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক অ্যাড. সামলা বেগম, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক পারভেজ আলম রবিন, জেলা ছাত্রদলের আহ্বায়ক ইসমাইল হোসেন পাটওয়ারী, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা।

চাঁদপুর সদর উপজেলা বাগাদী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক খোরশেদ আলম বাবুল মোল্লার পরিচালনায় বক্তব্য রাখেন বাগাদী ইউনিয়ন বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মনির হোসেন গাজী, সাংগঠনিক সম্পাদক মো. সৈয়দ হোসেন গাজী, সদস্য আব্দুস সালাম গাজী, ইউনিয়ন যুবদলের সভাপতি মহসিন আলম মিয়াজী, সাংগঠনিক সম্পাদক সোহাগ কবিরাজ, ইউনিয়ন মহিলা দলের সভাপতি জেসমিন বেগম, ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মমিন হোসেন সাগর।

এছাড়াও আরো বক্তব্য রাখেন ১নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক ওবায়েদ উল্লাহ, ২নং ওয়ার্ড বিএনপির সভাপতি দেলোয়ার হাজী, ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আক্তার হোসেন, ৪নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক লিটন পাঠান, ৫নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আজগার হোসেন, ৬নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক খালেদ মুন্সি, ৭নং ওয়ার্ড বিএনপির সভাপতি বাহাদুর, ৮নং ওয়ার্ড বিএনপির সভাপতি আশ্রাফ আলী, ৯নং ওয়ার্ড বিএনপির সভাপতি আমান উল্যাহ গাজী প্রমুখ।

দেশে আসলো সৌদি

নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

জসিমের মৃত্যুর পর তার মৃতদেহ দেশে আনতে চরম অনিশ্চয়তার মধ্যে পড়েন তার পরিবার। পরে সাংবাদিক শামীম মিয়াজী যুবঅধিকার পরিষদের কেন্দ্রীয় সহ-সভাপতি মতুর্জা মাহবুব এর মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুরের সঙ্গে যোগাযোগ করে তার স্বজনরা। সরকারের আন্তরিক ব্যবস্থাপনা এবং নুরুল হক নুর, মন্ত্রীর ব্যক্তিগত সহকারী আলআমিন ও মর্তুজা মাহবুবের সহযোগীতায় অবশেষে প্রবাসে খুন হওয়া জসিমের লাশ দেশে এসে পৌছেছে।

যুব অধিকার পরিষদের কেন্দ্রীয় সহ সভাপতি মতুর্জা মাহবুব বলেন, আমার এলাকার একজন প্রবাসী বিদেশে নিহত হয়েছে। তার মরদেহ দেশে আনার জন্য কাজ করা আমাদের দায়িত্ব। সেই জায়গা থেকে আমি আমাদের প্রতিমন্ত্রী নুরুল হক নুর ভাইয়ের কাছে গিয়েছি। তিনি আন্তরিক প্রচেষ্টা করে দ্রুত জসিমের লাশ দেশে আনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দের্শনা দিয়েছেন। যদিও তার লাশ দেশে আনা একটি অনিশ্চয়তার মধ্যে ছিল তবে অবশেষে আমরা এই কাজে সফলতা পেয়েছি।

এদিকে প্রবাসী জসিম উদ্দিনের পরিবারের সরকারকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা সরকারের প্রতি কৃতজ্ঞ যে অবশেষে লাশ পেয়েছি। বিশেষ করে প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী নুরুল হক নুর , প্রতিমন্ত্রীর ব্যক্তিগত সহকারী আল আমিন, ও যুব অধিকার পরিষদ নেতা মর্তুজা মাহবুবকে ধন্যবাদ জানাচ্ছি।

প্রবাসী জসিম উদ্দিন ঘাশির চর গ্রামের আইয়ুব আলীর ছেলে। আজ শনিবার বাদ আছর তার জানাযার নামাজ শেষে দাফন করা হয়েছে। জানাযার নামাজ শেষে বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নুরু মরহুমের পরিবারের সঙ্গে কথা বলেন এবং পরবর্তীতে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

যুক্তরাষ্ট্রে মধ্যবর্তী নির্বাচনের মুখে ভুয়া জরিপের ফাঁদ, আস্থার সংকট

আন্তর্জাতিক ডেস্ক


মার্কিন কংগ্রেসের আসন্ন মধ্যবর্তী নির্বাচনকে সামনে রেখে হঠাৎ করেই সমানে চলে এসেছে উদ্দেশ্যপ্রণোদিত ও বানোয়াট রাজনৈতিক জনমত জরিপ। মুষ্টিমেয় কিছু নামসর্বস্ব ভুয়া প্রতিষ্ঠানের তৈরি করা কাল্পনিক জরিপের ফলাফল বিভিন্ন মূলধারার সংবাদমাধ্যম ও নির্বাচনী পূর্বাভাস সাইটগুলোতে জায়গা করে নেওয়ায় তীব্র বিতর্ক শুরু হয়েছে। প্রশ্ন উঠেছে, ভুয়া তথ্য কত সহজে গ্রহণযোগ্যতা পেয়ে যেতে পারে এবং তা কীভাবে পুরো নির্বাচনী প্রক্রিয়ার প্রতি ভোটারদের আস্থায় চিড় ধরাতে পারে। সবশেষ এমন জালিয়াতির ঘটনা ঘটেছে চলতি মাসেই। 'ওয়েজউড পোলস' নামের একটি প্রতিষ্ঠান সামাজিক যোগাযোগমাধ্যমে স্বীকার করেছে যে, টেক্সাস, ওহাইও, মিশিগান, ক্যানসাস ও মেইনের মতো গুরুত্বপূর্ণ 'ব্যাটলগ্রাউন্ড' বা তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অঙ্গরাজ্যগুলো নিয়ে তাদের প্রকাশিত সব নির্বাচনী পরিসংখ্যানই ছিল সম্পূর্ণ ভুয়া। স্বীকারোক্তি দেওয়ার পরপরই নিজেদের সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্টটি মুছে ফেলে ওয়েজউড। তারা তাদের এই অপকর্মকে একটি 'পরীক্ষামূলক প্রকল্প' বলে সাফাই গাওয়ার চেষ্টা করেছে।

তাদের ভাষ্য, মার্কিন জরিপ শিল্পের দুর্বলতা, নজরদারির অভাব এবং যে কারও সহজে এ খাতে ঢুকে পড়ার সুযোগটি চোখে আঙুল দিয়ে দেখাতেই তারা এ কাজ করেছে। গণমাধ্যম ও ভোটারদের মাঝে ভুয়া জরিপ কত সহজে বিশ্বাসযোগ্যতা পায়, তা পরীক্ষা করতে গিয়ে তারা দেখেছে, 'খুব সহজেই' বিভ্রান্ত করা সম্ভব।

তবে এই স্বীকারোক্তি আসার আগেই জরিপের ফলাফল মার্কিন রাজনীতিতে বড় ধরনের বিভ্রান্তি ছড়ায়। প্রভাবশালী মার্কিন দৈনিক 'দ্য নিউ ইয়র্ক টাইমস'-ও তাদের জরিপ ট্র্যাকারে জুন থেকে অক্টোবরের মধ্যে ওয়েজউডের ১৫টি জরিপ অন্তর্ভুক্ত করেছিল। জালিয়াতি ধরা পড়ার পর পত্রিকাটি তালিকা থেকে জরিপগুলো মুছে ফেলে। নিউ ইয়র্ক টাইমস ব্যাখ্যা দিয়েছে, তালিকায় নেওয়ার আগে প্রতিষ্ঠানটির কর্মী, জরিপের পদ্ধতি ও অর্থায়নের উৎস সম্পর্কে তথ্য জানতে চাওয়া হয়েছিল এবং তারা সন্তোষজনক জবাব দেওয়ার পরই জরিপগুলো যুক্ত করা হয়েছিল। চলতি ২০২৬ সালের নির্বাচনী চক্রে এটি দ্বিতীয় এমন কেলেঙ্কারি। এর আগে গত আগস্টে 'মিডিয়ান স্ট্র্যাটেজিস' নামের আরেকটি সংস্থাও একই ধরনের 'স্বল্পমেয়াদি সামাজিক পরীক্ষা'র অজুহাত দিয়ে তাদের জরিপ বানোয়াট ছিল বলে স্বীকার করেছিল।

যেভাবে ফাঁস হলো জালিয়াতি

জরিপ ও নির্বাচনী পূর্বাভাস বিষয়ক ওয়েবসাইট 'ফিফটিপ্লাসওয়ান'-এর অনুসন্ধানে ওয়েজউডের জরিপের প্রাথমিক উপাত্তে এবং প্রযুক্তিগত যাচাইয়ে একাধিক অসঙ্গতি ধরা পড়ে। এই তদন্তের মুখেই প্রতিষ্ঠানটি বাধ্য হয়ে স্বীকার করে যে তাদের অধিকাংশ জরিপই মনগড়া ছিল।





হারিয়েছে

আমি মোঃ জিসান হোসেন পন্ডিত। আমার কুমিল্লা বোর্ডের অধীন এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সার্টিফিকেট ও মার্কশীট হারিয়েছে। এসএসসি পরীক্ষার রেজিঃ নং- ১৭১১৪৫৬৩৮৩, রোল নং- ৫৭৯২৪৮, সেশন- ২০১৮-১৯। এইচএসসি পরীক্ষার রেজিঃ নং- ১৭১১৪৫৬৩৮৩, রোল নং-৫৫৯৯৯৩, সেশন- ২০২০-২১। মোবাইল নং- ০১৬১৫৯০৬৯০৮। হাজীগঞ্জ থানায় জিডি নং- ১৩৭১। তারিখ ২৫/১০/২০২৬ইং।

-মোঃ জিসান হোসেন পন্ডিত

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী

ওয়ান মিনিট

চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী, চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য

হেভেন

প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!

রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র

সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮

(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)

আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।

ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।

বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।

মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

কচুয়ায় এইচএসসিতে পাশের

করে ৩৮ জন কৃতকার্য হয়ে ফলাফলের নিম্নে রয়েছে।
অপরদিকে আলিম পরীক্ষায় ১৪টি মাদ্রাসা থেকে ৪৬০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে কৃতকার্য হয় ২৯৫ জন। পাশের হার ৬৪.১৩%। জিপিএ-৫ পেয়েছে ৭ জন। নিশ্চিন্তপুর ডিএস ইসলামিয়া কামিল মাদ্রাসা থেকে ৪৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৪৭ জন কৃতকার্য হয়ে ফলাফলের শীর্ষে রয়েছে। মেঘদাইর তাহেরিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২৬ পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৮ জন কৃতকার্য হয়ে ফলাফলের নিম্নে রয়েছে।

হাইমচরে ডেঙ্গু প্রতিরোধ ও

যেন পানি জমে মশার বংশবিস্তার না ঘটে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।
তিনি বলেন, ডেঙ্গু একটি প্রতিরোধযোগ্য রোগ। সময়মতো প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন এবং পরিবেশ পরিচ্ছন্ন রাখার মাধ্যমে ডেঙ্গুর বিস্তার অনেকাংশে নিয়ন্ত্রণ করা সম্ভব। এ জন্য ব্যক্তি, পরিবার, সামাজিক সংগঠন ও জনপ্রতিনিধিদের সম্মিলিতভাবে কাজ করতে হবে।
এমপি শেখ ফরিদ আহম্মেদ মানিক আরও বলেন, পরিচ্ছন্নতা অভিযানকে শুধু একটি দিনের কর্মসূচির মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে। বিশেষ করে বাড়ির ছাদ, ফুলের টব, পরিত্যক্ত টায়ার, ডাবের খোসা, পানির পাত্র ও বিভিন্ন স্থানে জমে থাকা পানি অপসারণ করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার পাশাপাশি কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
তিনি হাইমচর উপজেলার সর্বস্তরের জনগণকে ডেঙ্গু প্রতিরোধে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর হাইমচর গড়ে তুলতে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব পালন করতে হবে। জনস্বাস্থ্য সুরক্ষায় উপজেলা প্রশাসনের এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, হাইমচর থানার অফিসার ইনচার্জ মো. শাহআলম, জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, হাইমচর উপজেলা বিএনপির সভাপতি আমিন উল্যাহ বেপারী, সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম সফিক পাটওয়ারীসহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

মতলব উত্তরে ট্রলির ধাক্কায়

আরোহীর মৃত্যু। ১ অক্টোবর মতলব ব্রিজে পিকআপভ্যান ও ট্রলির মুখোমুখি সংঘর্ষে ঘনিয়ারপাড় গ্রামের তরুণ অহিদুল ইসলাম (১৮) নামে এক তরুণ নিহত হয়েছে। ৬ সেপ্টেম্বর ছেংগারচর বাজারে ট্রলির ধাক্কায় তিন বছর বয়সী শিশু ফারিয়ার মৃত্যু হয়। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে সুগন্ধী এলাকায় ট্রলির ধাক্কায় এক বৃদ্ধার মৃত্যু এবং তার পাঁচ বছর বয়সী নাতি আহত হয়।
একের পর এক দুর্ঘটনার পরও এসব যানবাহনের চলাচল নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ কতটা নেওয়া হচ্ছে, তা নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয়রা।
তাদের অভিযোগ, ভারী মালামাল পরিবহনে ব্যবহৃত ছয় চাকার ট্রাক্টরগুলো অনেক সময় বেপরোয়া গতিতে চলাচল করে। এতে সড়কের ক্ষয়ক্ষতির পাশাপাশি পথচারী ও শিশুদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।
মতলব উত্তর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি শামসুজ্জামান ডলার মনে করেন, ছয় চাকার মালবাহী দানবীয় ট্রাক্টরের চলাচল বন্ধ করা জরুরি। তার ভাষ্য, এসব যানবাহন সড়ক নষ্ট করছে এবং প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটাচ্ছে। তবে একদিনে সব যানবাহন বন্ধ করা সম্ভব নয়।

ইনসাফপূর্ণ সমাজ প্রতিষ্ঠার

বাংলাদেশ গড়ার লড়াইয়ে আমাদের ঐক্যবদ্ধভাবে রাজপথে সোচ্চার থাকতে হবে।
কর্মসূচিতে ইনকিলাব মঞ্চের আহ্বায়ক আব্দুল্লাহ আল জাবেরের সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সদস্যসচিব ফাতিমা তাসনিম জুমা এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাফিয়া।
এ ছাড়া ইনকিলাব মঞ্চের ফরিদগঞ্জ উপজেলা প্রতিনিধিবৃন্দের মধ্যে মাহাবুব রাব্বানি, মাহমুদুল হাসান, তানভির হোসেন ফয়াদ, সজিবুল ইসলাম ও তাইফুর রহমান উপস্থিত ছিলেন।
সমাবেশে এনসিপির স্থানীয় নেতাকর্মীদের মধ্য থেকে মাছুম বিল্লাহ, আব্দুল জব্বার, জিজাদুল, জুনায়েদ ও আশরাফ উদ্দিন এবং বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের নেতা সাকিব হোসেনসহ বিভিন্ন অঙ্গসংগঠনের প্রতিনিধিরা বক্তব্য রাখেন ও সংহতি প্রকাশ করেন।
বক্তারা বলেন, জুলাইয়ের চেতনা ধারণ করে দেশের প্রতিটি দুর্নীতি, অনিয়ম ও অবিচারের বিরুদ্ধে তরুণ সমাজকে আজ ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে হবে।

এইচএসসিতে পাসের হার

দশমিক ৯১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ২ জন।
অন্যদিকে, ৬টি আলিম মাদ্রাসা থেকে ১৪৫ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে মাত্র ৪২ জন। পাসের হার ২৮ দশমিক ৯৭ শতাংশ। এ বিভাগে কোনো শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করতে পারেনি।
গত বছরের ফলাফলের সঙ্গে তুলনা করলে দেখা যায়, ২০২৫ সালে এইচএসসি পরীক্ষায় ১ হাজার ৮২০ জন অংশ নিয়ে পাস করেছিল ৪১৯ জন। পাসের হার ছিল ২৩ দশমিক ০২ শতাংশ। সে হিসাবে এবার এইচএসসিতে পাসের হার বেড়েছে ৮ দশমিক ৮৯ শতাংশ পয়েন্ট। তবে আলিমে গত বছর ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৮০ জন পাস করেছিল। পাসের হার ছিল ৫০ দশমিক ৬৩ শতাংশ। এবার তা কমে দাঁড়িয়েছে ২৮ দশমিক ৯৭ শতাংশে। অর্থাৎ এক বছরের ব্যবধানে আলিমে পাসের হার কমেছে ২১ দশমিক ৬৬ শতাংশ পয়েন্ট।
এইচএসসি পরীক্ষার ফলাফলে উপজেলার ১২টি কলেজের মধ্যে সর্বোচ্চ পাসের হার অর্জন করেছে শরিফ উল্লাহ হাই স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠানটি থেকে ১৫ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ১০ জন। পাসের হার ৬৬ দশমিক ৬৭ শতাংশ। উল্লেখ্য, গত বছর প্রতিষ্ঠানটির কোনো পরীক্ষার্থী পাস করতে পারেনি। এক বছরের ব্যবধানে এমন ঘুরে দাঁড়ানো ফলাফল উপজেলায় আলোচনার সৃষ্টি করেছে।
দ্বিতীয় অবস্থানে রয়েছে দি কার্টার একাডেমি স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠানটির ২১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১২ জন। পাসের হার ৫৭ দশমিক ১৪ শতাংশ। তৃতীয় অবস্থানে থাকা লুধুয়া হাই স্কুল অ্যান্ড কলেজের ৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৮ জন। পাসের হার ৪৩ দশমিক ১৮ শতাংশ।
এ ছাড়া ধনাগোদা তালতলী হাই স্কুল অ্যান্ড কলেজে ২৬ জনের মধ্যে ১০ জন (৩৮ দশমিক ৪৬%), ছেংগারচর সরকারি কলেজে ৩১৪ জনের মধ্যে ১১৪ জন (৩৬ দশমিক ৩১%), নাউরী আদর্শ কলেজে ১৬৯ জনের মধ্যে ৫৭ জন (৩৩ দশমিক ৭৩%) পাস করেছে। নাউরী আদর্শ কলেজ থেকে একজন জিপিএ-৫ পেয়েছে।
মুন্সী আজিম উদ্দিন কলেজে ৬১ জনের মধ্যে ১৬ জন (২৬ দশমিক ২৩%), কালিপুর হাই স্কুল অ্যান্ড কলেজে ১০৩ জনের মধ্যে ২৯ জন (২৮ দশমিক ১৬%), জীবগাঁও জেনারেল হক হাই স্কুল অ্যান্ড কলেজে ৮ জনের মধ্যে ২ জন (২৫%), নিশ্চিন্তপুর কলেজে ২০১ জনের মধ্যে ৫০ জন (২৪ দশমিক ৮৮%), সুজাতপুর কলেজে ৯৭ জনের মধ্যে ২৪ জন (২৪ দশমিক ৭৪%) এবং আলী আহমদ মিয়া কলেজে ৯১ জনের মধ্যে ১৯ জন (২০ দশমিক ৮৮%) পরীক্ষার্থী পাস করেছে।
আলিম পরীক্ষায় ৬টি মাদ্রাসার মধ্যে সর্বোচ্চ পাসের হার বদরপুর আদমিয়া ফাজিল মাদ্রাসার। প্রতিষ্ঠানটির ২৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১১ জন। পাসের হার ৪৭ দশমিক ৮২ শতাংশ।
ফরাজীকান্দি আল ওয়াসিয়ে কামিল মাদ্রাসায় ৩২ জনের মধ্যে ১৩ জন (৪০ দশমিক ৬২%), সাড়ে পাঁচআনী ফাজিল মাদ্রাসায় ২৬ জনের মধ্যে ১০ জন (৩৮ দশমিক ৪৬%), লবাইরকান্দি আল আমিন আলিম মাদ্রাসায় ১১ জনের মধ্যে ২ জন (১৮ দশমিক ১৮%), নেদায়ে ইসলাম মহিলা ফাজিল মাদ্রাসায় ৩১ জনের মধ্যে ৪ জন (১২ দশমিক ৯০%) এবং হাশিমপুর আলিম মাদ্রাসায় ২২ জনের মধ্যে মাত্র ২ জন (৯ দশমিক ০৯%) পাস করেছে।
সামগ্রিকভাবে এইচএসসিতে পাসের হার কিছুটা বাড়লেও জিপিএ-৫ মাত্র দুইজন এবং আলিমে পাসের হার ৩০ শতাংশের নিচে নেমে আসা উপজেলার শিক্ষা ব্যবস্থার মান নিয়ে নতুন করে প্রশ্ন তুলেছে। বিশেষ করে অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানে অর্ধেকের বেশি পরীক্ষার্থী অকৃতকার্য হওয়ায় শিক্ষার মানোন্নয়নে কার্যকর উদ্যোগ গ্রহণের দাবি উঠেছে।

শাহরাস্তিতে সুন্দরবন স্টিল


পাটওয়ারী, সেচ্চাসেবক দলের আহবায়ক মাসুদ সিকদার, ছাত্রদলের উপজেলা আহবায়ক এবিএম পলাশ, সেভেন রিং কোম্পানির ম্যানেজার মোতালিব হোসেন, এরিয়া ম্যানেজার ফায়েজুর রহমান, হান্নান ফিলিং স্টেশনের স্বত্বাধিকারী আব্দুল হান্নান, বিশিষ্ট ব্যবসায়ী নজরুল ইসলাম মন্টু, শাহরাস্তি পৌরসভা বিএনপির সভাপতি আবুল কালাম পাটওয়ারী, সিনিয়র যুগ্ম আহবায়ক শেখ বেলায়েত হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী হাজী মহিন উদ্দিন ও লেয়াকত আলী।
এ সময় আরও উপস্থিত ছিলেন শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান ও পুলিশ পরিদর্শক (তদন্ত) রফিকুল ইসলামসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, ব্যবসায়ী, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।
অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত এবং শেষে বিশেষ দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বিএনপি নেতা মাওলানা মোস্তাফিজুর রহমান। পরে আগত অতিথি ও শুভাকাঙ্ক্ষীদের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।
উল্লেখ্য, মেসার্স সুন্দরবন স্টিল কর্পোরেশন দীর্ঘদিন ধরে শাহরাস্তির কালিয়াপাড়ায় প্রথম শাখার মাধ্যমে সুনামের সঙ্গে ব্যবসা পরিচালনা করে আসছে। ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণ ও ক্রেতাদের আরও উন্নত সেবা দেওয়ার লক্ষ্যে শাহরাস্তি গেইট সংলগ্ন দোয়াভাঙ্গা পূর্ব বাজারে প্রতিষ্ঠানটির দ্বিতীয় শাখার যাত্রা শুরু হলো। প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী মোঃ ইকবাল হোসেন।

শাহরাস্তিতে কলেজে পাসের হার

হার যথাক্রমে ২৫.৮৪ ও ২৬.৫৯ শতাংশ।
অপরদিকে, উপজেলার ১০টি মাদ্রাসা থেকে মোট ২৬৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে কৃতকার্য হয়েছে ১৫৪ জন এবং অকৃতকার্য হয়েছে ১১৪ জন। জিপিএ-৫ অর্জন করেছে ২ জন। মাদ্রাসাগুলোতে মোট পাসের হার ৫৭.৪৬ শতাংশ।
মাদ্রাসাগুলোর মধ্যে সবচেয়ে ভালো ফলাফল করেছে চিতোষী সুলতানিয়া ফাজিল মাদ্রাসা। প্রতিষ্ঠানটির কৃতকার্যের হার ৮১.৮২ শতাংশ। অন্যদিকে, তুলনামূলক কম পাসের হার রয়েছে আহম্মদ নগর আব্দুল আজিজ ফাজিল মাদ্রাসা ও নুনিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসায়। প্রতিষ্ঠান দুটির পাসের হার যথাক্রমে ৩৬.০০ ও ৪১.৯৪ শতাংশ।
ভোকেশনাল শাখায় চিতোষী ডিগ্রী কলেজ থেকে মোট ৪৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। তাদের সবাই কৃতকার্য হয়েছে। ফলে প্রতিষ্ঠানটির ভোকেশনাল শাখায় পাসের হার শতভাগ।
শাহরাস্তি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোঃ কামরুজ্জামানের লিখিত বিজ্ঞপ্তি থেকে আজ এ তথ্য জানা গেছে।







শেখ মুজাফফর আলী

বিশেষ মুনাজাত করা হয়।
মসজিদটির প্রতিষ্ঠাতা সভাপতি পুলিশ কর্মকর্তা শেখ মোঃ মহসিন উদ্দিন বলেন, আমাদের এখানে অনেকগুলো বাসা আছে জামে মসজিদ একটু দূরে হওয়ায় স্থানীয়দের সুবিধার্থে বাবা-মায়ের নামে পাঞ্জেগানা মসজিদটি করেছি। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বেগম জামে মসজিদের খতিব মুফতি মোঃ মাহাবুবুর রহমান, অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধ্যক্ষ সোহায়েল আহমেদ সৃস্টি, নতুন বাজার পুলিশ ফাঁড়ির ইনচার্জ মোঃ জহিরুল ইসলাম, মসজিদটির সেক্রেটারী ১১নং ওয়ার্ড জামায়াতের সাবেক কাউন্সিলর মাঈনুল ইসলাম পাটওয়ারী, বিএনপি নেতা মনির হোসেন তালুকদার, শিক্ষক আবু সাইম প্রমুখ।

শাহমাহমুদপুরে বিএনপির সভাপতি

সভায় জানানো হয়, চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিকের নির্দেশনা অনুযায়ী, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান বা মেম্বার পদে প্রার্থী হতে ইচ্ছুক এমন বিএনপি, যুবদল ও স্বেচ্ছাসেবক দলের সভাপতি কিংবা সাধারণ সম্পাদককে দলীয় পদ থেকে স্বেচ্ছায় অব্যাহতি নিতে হবে। এ নির্দেশনার পরিপ্রেক্ষিতে শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি স্বপন মাহমুদের পদত্যাগের বিষয়টিও আলোচনায় উঠে আসে।
দীর্ঘদিনের সহকর্মী শাহমাহমুদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি স্বপন মাহমুদের পদত্যাগের বিষয়টি সহজে মানিয়ে না নিয়ে স্মৃতিচারণ করেন ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ সভাপতি নাহিদ খান, সাবেক সহ সভাপতি কবির হোসেন রনি, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক শাহজালাল দেওয়ান, যুগ্ম সাধারণ সম্পাদক মিজানুর রহমান পাটওয়ারী, সাংগঠনিক সম্পাদক শফিক কবিরাজ, সমাজসেবক জহিরুল হক লালু মাষ্টার প্রমূখ।

হাইমচরে এইচএসসি ও আলিমে

করেছেন ১০ জন। পাসের হার ২৫.৬৪ শতাংশ। এ প্রতিষ্ঠানে নিবন্ধিত ছিলেন ৪১ জন।
দুর্গাপুর হাই স্কুল অ্যান্ড কলেজ থেকে ২৫ জনের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৮ জন। পাসের হার ৩২ শতাংশ। সেখানে নিবন্ধিত ছিলেন ২৬ জন।
অন্যদিকে, মালেরহাট যুব সংঘ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে ১১ জনের মধ্যে পাস করেছেন ২ জন। প্রতিষ্ঠানটির পাসের হার ১৮.১৮ শতাংশ। এ প্রতিষ্ঠানে নিবন্ধিত ছিলেন ১২ জন।
আলিম পরীক্ষায় মাদ্রাসাভিত্তিক ফলে দেখা যায়, গন্ডামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদ্রাসা থেকে ২৮ জনের মধ্যে পাস করেছেন ২২ জন। পাসের হার ৭৮.৫৭ শতাংশ। প্রতিষ্ঠানটিতে নিবন্ধিত ছিলেন ২৯ জন।
আলগীবাজার আলিম (সিনিয়র) মাদ্রাসা থেকে ৩৬ জনের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৩২ জন। পাসের হার ৮৮.৮৯ শতাংশ। এ প্রতিষ্ঠানে নিবন্ধিত ছিলেন ৪৩ জন।
এ ছাড়া কাটাখালী হামিদিয়া আলিম মাদ্রাসা থেকে ১৮ জনের মধ্যে পাস করেছেন ১৩ জন। পাসের হার ৭২.২২ শতাংশ। প্রতিষ্ঠানটিতে নিবন্ধিত ছিলেন ১৯ জন।

হাইমচরে কিশোরকণ্ঠ মেধাবৃত্তি

কিন্ডারগার্টেন থেকে আগত চতুর্থ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নেয়।
এ সময় পরিক্ষা নিয়ন্ত্রক হিসেবে দায়িত্ব পালন করেন শৃঙ্খলা ও স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা সম্পাদক মোঃ ফাহাদ চাহমান।
পরীক্ষা চলাকালে কেন্দ্রের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন কিশোরকণ্ঠ ফাউন্ডেশনের হাইমচর উপজেলার সাবেক উপদেষ্টা সদস্য জসিম উদ্দিন বাহার ও মাওলানা হাফিজুর রহমান সহ অনন্যরা।
পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে। পাশাপাশি শিক্ষার্থীদের সঙ্গে আসা অভিভাবক ও শিক্ষকদের উপস্থিতিতে কেন্দ্রটি ছিল প্রাণবন্ত।
মেধাবৃত্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের মেধা যাচাই ও পড়াশোনায় উৎসাহিত করার এমন আয়োজনকে ঘিরে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আগ্রহ দেখা যায়।

মেহেদী উৎসব প্রতিযোগিতা ও

পদার্থবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক আলমগীর হোসেন বাহার। সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি অ্যাডভোকেট আবুল কালাম সরকারের সভাপতিত্বে এবং সাংবাদিক এম আর ইসলাম বাবুর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শরীফ চৌধুরী, লেখক মহসিন চালী, চাঁদপুর লেখক পরিষদের সভাপতি জাহাঙ্গীর হোসেন। সন্ধ্যায় সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেদী উৎসব উদযাপন পরিষদের সদস্য সচিব অ্যাডভোকেট মো. নুরুল হক কমল। এসময় বিশেষ অতিথি ছিলেন হাজী মনজুর আলী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মো. রতন বেপারী সেলিম।

হাজীগঞ্জে বর্ণাঢ্য আয়োজনে

অতিথির বক্তব্য দেন চাঁদপুর-৫ (হাজীগঞ্জ-শাহরাস্তি) আসনের সংসদ সদস্য ইঞ্জি. মমিনুল হক।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক, হাজীগঞ্জ উপজেলা বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান মনির, সদস্য সচিব এম.এ. রহিম পাটোয়ারী, হাজীগঞ্জ পৌর বিএনপির আহ্বায়ক আবুল খায়ের মজুমদার ও যুগ্ম আহ্বায়ক সারোয়ার হোসেন ভুলু মুন্সী।
বক্তারা যুবদলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনা দেন। এ সময় আওয়ামী লীগের উদ্দেশে তাঁরা বলেন, শান্তিপূর্ণ দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করা হলে যুবদল রাজপথে তা প্রতিহত করবে।
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন হাজীগঞ্জ পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট উমর ফারুক টিটু, মিজানুর রহমান সেলিম, বিল্লাল পাটোয়ারী, হাজীগঞ্জ উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক শুকুর আলম, যুগ্ম আহ্বায়ক জুলহাস চৌধুরী ও সাহিদুল ইসলাম সাহিদ, সদস্য সচিব মোস্তফা কামাল সুমন, হাজীগঞ্জ পৌর যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান রবিন, যুগ্ম আহ্বায়ক জহির আহমেদ ও রোমান গাজী, সদস্য সচিব নামজুল হাসান রাজন, হাজীগঞ্জ উপজেলা ছাত্রদলের সভাপতি ফয়সাল হোসাইন ও সাধারণ সম্পাদক জুয়েল রানা তালুকদারসহ বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

ফরিদগঞ্জের ৮ কলেজে জিপিএ-৫

দিয়ে পাস করেছে ৯৯ জন, জিপিএ-৫ শূন্য, পাসের হার ২৭.৩৫%। গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ থেকে ৫৯৪ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ২৯৪ জন, জিপিএ-৫ পেয়েছে ৩ জন, পাসের হার ৪৯.৪৯%। গল্লাক আদর্শ ডিগ্রি কলেজ থেকে ২২৯ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১০৮ জন, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৪৭.১৭%। কালিরবাজার কলেজ থেকে ৭১ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৩২ জন, জিপিএ-৫ শূন্য, পাসের হার ৪৫.০৭%। চান্দ্রা ইমাম আলী উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে ২৫৬ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১০৪ জন, জিপিএ-৫ পেয়েছে ২ জন, পাসের হার ৪০.৬৩%। চির্কা চাঁদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে ৩০ জন পরীক্ষা দিয়ে পাস করেছে মাত্র ৩ জন, জিপিএ-৫ শূন্য, পাসের হার ১০% (উপজেলায় সর্বনিম্ন)। শোল্লা স্কুল অ্যান্ড কলেজ থেকে ১০৮ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৬০ জন, জিপিএ-৫ শূন্য, পাসের হার ৫৫.৫৬%। লাউতলি ড. রশিদ আহমেদ উচ্চ বিদ্যালয় ও কলেজ থেকে ৪২ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ৯ জন, জিপিএ-৫ শূন্য, পাসের হার ২১.৪৩%।
মাদ্রাসা (আলিম) এর তালিকায় দেখা যায়, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ফরিদগঞ্জ উপজেলায় আলিম পরীক্ষায় ৬৬৫ জন শিক্ষার্থী অংশ নিয়ে ৪১২ জন পাস করেছে এবং ১৬ জন জিপিএ-৫ পেয়েছে। আলিমে পাসের হার ৬১.৯৬%। ফরিদগঞ্জ কামিল মাদ্রাসা থেকে ৫০ জন পরীক্ষা দিয়ে ৪৪ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ৩ জন, পাসের হার ৮৮%। লতিফগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২১ জন পরীক্ষা দিয়ে ১৫ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৭১.৪৩%। ধানুয়া ছালেহিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২২ জন পরীক্ষা দিয়ে ৩ জন পাস, জিপিএ-৫ শূন্য, পাসের হার ১৩.৬৪%। রূপসা আহমদীয়া আলিম মাদ্রাসা থেকে ২৩ জন পরীক্ষা দিয়ে ১৬ জন পাস, পাসের হার ৬৭.৫৭%। চান্দ্রা ছামাদিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২৪ জন পরীক্ষা দিয়ে ১৭ জন পাস, পাসের হার ৭০.৮৩%। গাজীপুর আহমদীয়া ফাজিল মাদ্রাসা থেকে ৩৮ জন পরীক্ষা দিয়ে ১৮ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৪৭.৩৭%। মানুরী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা থেকে ১৭ জন পরীক্ষা দিয়ে ১২ জন পাস, পাসের হার ৭০.৫৯%। বদরপুর আলিম মাদ্রাসা থেকে ১২ জন পরীক্ষা দিয়ে ৮ জন পাস, পাসের হার ৬৬.৬৭%। আলোনিয়া ফাজিল মাদ্রাসা থেকে ৩৬ জন পরীক্ষা দিয়ে ১৯ জন পাস, পাসের হার ৫২.৭৮%। হর্নি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা থেকে ১৮ জন পরীক্ষা দিয়ে ৭ জন পাস, পাসের হার ৩৮.৮৯%। পুরান রামপুর আব্দুর রব আলী মাদ্রাসা থেকে ৩৩ জন পরীক্ষা দিয়ে ২৯ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৮৭.৮৮%। লক্ষ্মীপুর কাসিমিয়া আলিম মাদ্রাসা থেকে ১৬ জন পরীক্ষা দিয়ে ১৩ জন পাস, পাসের হার ৮১.২৫%। রামদাসেরবাগ আলিম মাদ্রাসা থেকে ২২ জন পরীক্ষা দিয়ে ১২ জন পাস, পাসের হার ৫৪.৫৫%। মাছিমপুর ফাজিল মাদ্রাসা থেকে ১৮ জন পরীক্ষা দিয়ে ৯ জন পাস, পাসের হার ৫০%। রামপুর বাজার ডিএস ফাজিল মাদ্রাসা থেকে ২২ জন পরীক্ষা দিয়ে মাত্র ১ জন পাস, পাসের হার ৪.৫৫% (মাদ্রাসা পর্যায়ে সর্বনিম্ন)।
কডৈ্তলী কে এ আলিম মাদ্রাসা থেকে ২২ জন পরীক্ষা দিয়ে ১৯ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৮৩.৬৪%। কাওনিয়া হানাফিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২৯ জন পরীক্ষা দিয়ে ২৬ জন পাস, পাসের হার ৮৯.৬৬%। কামতা ডিএস ফাজিল মাদ্রাসা থেকে ১৩ জন পরীক্ষা দিয়ে ৯ জন পাস, পাসের হার ৬৯.২৩%। ইসলামপুর শাহ ইয়াছিন ফাজিল মাদ্রাসা থেকে ৩৯ জন পরীক্ষা দিয়ে ২১ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৫৩.৮৫%। পশ্চিম পোয়া আজিজিয়া ইসলামী আলিম মাদ্রাসা থেকে ১২ জন পরীক্ষা দিয়ে ২ জন পাস, পাসের হার ১৬.৬৭%। আলিনূর হোসাইনিয়া আলিম মাদ্রাসা থেকে ২১ জন পরীক্ষা দিয়ে ৮ জন পাস, পাসের হার ৩৮.০১%। সন্তোষপুর দারুচ্ছুন্নাত ইসলামিয়া আলিম মাদ্রাসা থেকে ১৩ জন পরীক্ষা দিয়ে ৫ জন পাস, পাসের হার ৩৮.৪৬%। মুন্সিরহাট ইদ্রিসিয়া হাবিবিয়া ইসলামী আলিম মাদ্রাসা থেকে ৩৫ জন পরীক্ষা দিয়ে ৩১ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ১ জন, পাসের হার ৮৮.৫৭%। গোবিন্দপুর ছালেহিয়া আলিম মাদ্রাসা থেকে ২০ জন পরীক্ষা দিয়ে ১২ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ২ জন, পাসের হার ৬০%। কাছিয়াড়া মহিলা মাদ্রাসা থেকে ২৪ জন পরীক্ষা দিয়ে ১৬ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ৩ জন, পাসের হার ৬৬.৬৭%। ঘনিয়া ছাইদিয়া কামিল মাদ্রাসা থেকে ৩০ জন পরীক্ষা দিয়ে ১৭ জন পাস, পাসের হার ৫৬.৬৭%। হাঁসা মাদ্রাসা থেকে ৩৫ জন পরীক্ষা দিয়ে ২৩ জন পাস, জিপিএ-৫ পেয়েছে ২ জন, পাসের হার ৬৫.৭২%।
বিএম (ভোকেশনাল) শাখা থেকে এইচএসসি (বিএম) শাখায় ২টি প্রতিষ্ঠান থেকে ৭৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৫ জন। এই শাখায় জিপিএ-৫ পেয়েছে ৩ জন এবং পাসের হার ৮৫.৫৩ শতাংশ।
শিক্ষা সংশ্লিষ্টদের মতে, উপজেলার সার্বিক ফলাফলের এই ধস এবং মানসম্মত শিক্ষার অভাব নিয়ে গভীর পর্যালোচনা প্রয়োজন। বিশেষ করে গ্রামীণ জনপদের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে তদারকি না বাড়লে আগামীতে এই সংকট আরও তীব্র আকার ধারণ করবে।

নারীদের ক্ষমতায়ন ছাড়া

ব্যবস্থাপনা পরিচাল মেজর (অব.) মাকসুদ আদনান, চাঁদপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ সচিব আব্দুল মোতালেব শেখ টুটুল।
প্রধান অতিথির বক্তব্যে এফবিসিসিআই -এর মহাসচিব মো. আলমগীর বলেন, বাংলাদেশের অর্ধেক জনসংখ্যা নারী। এদেশে নারী এবং পুরুষের সমান অধিকার রয়েছে। তই নারীদের ক্ষমতায়ন ছাড়া দেশ কখনোই এগিয়ে যেতে পারবে না। বর্তমানে আমাদের দেশের নারীরা চাকরির পাশাপাশি ব্যবসাতেও সমান সাফল্য অর্জন করেছে। তাদের এই অগ্রযাত্রা এবং সাফল্যকে আরো বেশি এগিয়ে নিতে সরকার নানামুখী কার্যক্রম পরিচালনা করছে।
তিনি আরো বলেন, চাঁদপুর উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এখানকার নারী উদ্যোক্তাদের কর্মদক্ষতা বৃদ্ধি, এবং তাদের অগ্রযাত্রায় নানাবিধ ভূমিকা রাখছে। এটি নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। এছাড়া চাঁদপুর চেম্বার অফ কমার্স বহু বছর ধরে এখানকার ব্যবসায়ীদের স্বার্থ কাজ করে যাচ্ছে। দুটি প্রতিষ্ঠানের লক্ষ্য এবং উদ্দেশ্য একটাই, আর তা হল চাঁদপুরকে এগিয়ে নেওয়া। আমি আশা করব চাঁদপুর ওমেন চেম্বার অফ কমার্সের যেকোনো কার্যক্রমে চাঁদপুর চেম্বার অব কমার্স সহযোগিতার হাত বাড়িয়ে দিবে। যাতে করে এখানকার নারী উদ্যোক্ত এবং ব্যবসায়ীরা তাদের কর্ম ক্ষেত্রে আরও সাফল্য রাখতে পারে।
নারী উদ্যোক্তা রাবেয়া আক্তারের পরিচালনায় উন্মুক্ত প্রশ্নোত্তর পর্বে বক্তব্য রাখেন পুলিশ নারী কল্যাণ সমিতি পুনাক -এর সাধারণ সম্পাদক শিপ্রা দাস, সবাই মিলে নারী উন্নয়ন সংস্থার প্রতিষ্ঠাতা তানিয়া আক্তার, নারী উদ্যোক্তা শ্যামলী আক্তারসহ আরো অনেকে।
সেমিনারে এলডিসি থেকে উত্তরণের পর বাংলাদেশের অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্যে সম্ভাব্য পরিবর্তন, তৃণমূল পর্যায়ে নারীদের অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি এবং নারী উদ্যোক্তাদের উন্নয়নে নারী চেম্বারের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়।
আয়োজকরা জানান, নারীদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করা এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ বাড়াতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ডিবির হারুনসহ ৮ পুলিশ কর্মকর্তা চাকরি খোয়ালেন

নিজস্ব প্রতিবেদক

অনুমতি ছাড়া দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে ডিএমপির সাবেক ডিবিপ্রধান হারুন অর রশীদসহ ছয় পুলিশ কর্মকর্তাকে বরখাস্ত করেছে সরকার। শনিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শৃঙ্খলা-১ ও শৃঙ্খলা-২ শাখার পৃথক প্রজ্ঞাপনে তাদের বরখাস্তের কথা জানানো হয়েছে। গত ২৫ অক্টোবর রাষ্ট্রপতি এ বরখাস্তের আদেশ অনুমোদন করেন। প্রজ্ঞাপনগুলোতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই রয়েছে। বরখাস্ত হওয়া অন্যরা হলেনড়সাবেক ডিআইজি আনিসুর রহমান, সাবেক অতিরিক্ত ডিআইজি শ্যামল কুমার মুখার্জী, সাবেক পুলিশ সুপার তারেক বিন রশিদ, অতিরিক্ত পুলিশ সুপার এস এম জাহাঙ্গীর হাছান ও সাবেক সহকারী পুলিশ কমিশনার ফারহানা তাসকিন। আদেশে বলা হয়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শে তাদের চাকরি থেকে বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাদের মধ্যে ডিএমপির আলোচিত কর্মকর্তা মোহাম্মদ হারুন অর রশীদ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) হিসেবে দায়িত্ব পালনকালে ২০২৪ সালের ৬ অগাস্ট থেকে অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ কারণে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। অনুপস্থিতির শুরু দিন থেকেই তাকে বরখাস্ত করা হয়েছে। সাবেক ডিআইজি আনিসুর রহমান ২০২৫ সালের ১৭ ফেব্রুয়ারি থেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন। সেদিন থেকেই তাকে বরখাস্ত করা হয়েছে। অসদাচরণ ও পলায়নের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা হয়েছিল। সাবেক অতিরিক্ত ডিআইজি শ্যামল কুমার মুখার্জী ২০২৫ সালের ২২ জানুয়ারি রাজশাহীতে রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত হওয়ার পর থেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার বিরুদ্ধে পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় ওই দিন থেকে তাকে বরখাস্ত করা হয়েছে। সাবেক পুলিশ সুপার তারেক বিন রশিদ ২০২৪ সালের ২ নভেম্বর ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটিতে যান। ছুটি শেষে ১৭ নভেম্বর তার কর্মস্থলে যোগ দেওয়ার কথা থাকলেও তিনি আর যোগ দেননি। পরে ব্যক্তিগত সমস্যার কথা উল্লেখ করে পদত্যাগপত্র দিলেও তা কর্তৃপক্ষ নাকচ করে। তার বিরুদ্ধে অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় ২০২৪ সালের ১৭ নভেম্বর থেকে তাকে বরখাস্ত করা হয়েছে।
সাবেক অতিরিক্ত পুলিশ সুপার এস এম জাহাঙ্গীর হাছান ২০২৪ সালের ৮ অক্টোবর ১৫ দিনের বিদেশ ছুটিতে যান। ছুটি বাড়ানোর আবেদন নাকচ হওয়ার পরও তিনি কর্মস্থলে যোগ না দিয়ে বিদেশে অবস্থান করেন। তার বিরুদ্ধে পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় ২০২৪ সালের ২৩ অক্টোবর থেকে তাকে বরখাস্ত করা হয়েছে। সাবেক সহকারী পুলিশ কমিশনার ফারহানা তাসকিন ২০১৮ সালের ১৫ ফেব্রুয়ারি কানাডায় যান। ৪২ দিনের ছুটি শেষ হওয়ার পর ২৮ মার্চ কর্মস্থলে যোগ দেওয়ার কথা থাকলেও তিনি আর যোগ দেননি। বর্তমানে কানাডায় অবস্থানরত এই কর্মকর্তার বিরুদ্ধে পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা হয়। তাকে ২০১৮ সালের ২৮ মার্চ থেকে বরখাস্ত করা হয়েছে।

সারাদেশে পাসের হার কমলেও নটর ডেম-আইডিয়ালে স্বস্তি

নিজস্ব প্রতিবেদক

এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের সকালে সুনসান নীরবতা থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে হৈ হুল্লোর দেখা গেছে ঢাকার নটর ডেম কলেজ এবং মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে। এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় সারাদেশে পাসের হার ৫২ দশমিক ১২ শতাংশ, যা গত ২২ বছরের মধ্যে সবচেয়ে কম। সারাদেশের এ চিত্র নিয়ে হতাশা থাকলেও ঢাকার দুই শিক্ষা প্রতিষ্ঠানে উচ্ছ্বাসই দেখা গেছে। প্রকাশিত ফল অনুযায়ী, নটর ডেম কলেজ থেকে এবার ৩ হাজার ২৫৬ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছেন ৩ হাজার ২১৮ জন। পাসের হার ৯৮ দশমিক ৮৩ শতাংশ। প্রতিষ্ঠানটিতে জিপিএ-৫ পেয়েছেন ২ হাজার ২২৯ জন। এর মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে ১ হাজার ৮০৭ জন, ব্যবসায় শিক্ষায় ৩৩৩ জন এবং মানবিকে ৮৯ জন জিপিএ-৫ পেয়েছেন। অন্যদিকে মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ থেকে ১ হাজার ৭৯১ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছেন ১ হাজার ৭৫৯ জন। পাসের হার ৯৮ দশমিক ২১ শতাংশ। এ কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছেন ৩৮৭ জন। এর মধ্যে বিজ্ঞানে ৩৪৬ জন, ব্যবসায় শিক্ষায় ৩১ জন এবং মানবিকে ১০ জন। নিজেদের ফলে সন্তুষ্টি প্রকাশ করে মতিঝিল আইডিয়াল কলেজের অধ্যক্ষ অধ্যাপক লাল মোহাম্মদ বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "সারাদেশে পাসের হার ৫২ শতাংশের কিছু বেশি হলেও আমাদের প্রতিষ্ঠানে পাসের হার ৯৮ দশমিক ২১ শতাংশ। এ ফলাফলে আমরা সন্তুষ্ট। ভালো ফলের জন্য পাঁচ মাসের বিশেষ প্রস্তুতির কথা জানিয়ে তিনি বলেন, একদিন ক্লাস এবং পরের দিন মডেল টেস্ট নেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের প্রস্তুত করা হয়েছে। শিক্ষার্থীদের দুর্বলতা চিহ্নিত করে তা কাটিয়ে ওঠার বিষয়ে শিক্ষকদের নিয়মিত নির্দেশনা দেওয়া হয়েছে।
এবারের প্রশ্নপত্র সম্পর্কে লাল মোহাম্মদ বলেন, "আমার কাছে মনে হয়েছে, এবারের প্রশ্নপত্র, বিশেষ করে বিজ্ঞানের পদার্থবিজ্ঞান, বাংলা ও ইংরেজির প্রশ্ন কিছুটা এলোমেলো ছিল।" বিজ্ঞানের ফল খারাপ হওয়ার পেছনে শিক্ষাগত ভিত্তি, পর্যাপ্ত সময় ও শ্রম, প্রশিক্ষিত শিক্ষক এবং নিয়মিত তদারকির অভাব রয়েছে বলে মনে করেন তিনি।
সারাদেশে পাসের হার কমার বিষয়ে নটর ডেম কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক সোলায়মান ওয়ালিদ খান বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, "শিক্ষার্থীদের মধ্যে নিয়মিত বাসায় পড়াশোনা, কলেজে যাওয়া ও ক্লাস করার মতো মৌলিক অভ্যাস কমে যাচ্ছে।" ভালো ফলের পেছনে বিশেষ কোনো কৌশল নেই মন্তব্য করে তিনি নিয়মিত পড়াশোনা, ক্লাসে অংশগ্রহণ ও কুইজের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের ওপর গুরুত্ব দেন।